গিয়া, যেখানে বালক ছিল, সে স্থানের উপর স্থকিত হইল; এবং নক্ষত্র দেখিয়া তাহারা অত্যন্ত আনন্দে আনন্দিত হইলেক. অতঃপরে ঘরেতে প্রবিষ্ট হইয়া সে নবীন বালককে তাঁহার মাতা মারিয়ার সঙ্গে দেখিলেক, এবং দণ্ডবৎ হইয়া তাঁহাকে প্রণাম করিলেক; পরে তাহারদের ধন সম্পত্য খুলিয়া স্বর্ণ ও লবান ও মর্হ লইয়া তাঁহাকে ভেট দিলেক. অনন্তর স্বপ্ন যোগে হেরোদ রাজার স্থানে পুনশ্চ যাইতে ঈশ্বরে নিষেধিত হইয়া তাহারা অন্য পথ দিয়া আপনারদের দেশে গমন করিলেক.

এপিফানিয়ার পর প্রভুর প্রথম দিবস.

প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে কাকুতি বিনতি করিতেছি, যে তোমার প্রতি আহ্বানকারি লোকেরদের প্রার্থনা অনুগ্রহ পূর্ব্বক গ্রহণ করিয়া প্রদান করহ, যে তাহারদের যে কিছু কর্ত্তব্য, তাহা শিক্ষা করিয়া জানে, এবং বৈশ্বাসিক রূপে পূর্ণ করিবার নিমিত্তে ও যে তাহারদের যথোপযুক্ত ধর্ম্মপ্রসাদ ও শক্তি হয়. আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা এমত করহ. আমেন.

পত্র. রূমী. পর্ব্ব ১২, পদ ১.

অতএব ভ্রাতৃরা, আমি ঈশ্বরের সকরুণ দয়া দিয়া তোমারদিগকে কাকুতি করি, যে তোমরা জীবন্ত ও পবিত্র ও ঈশ্বরের তোষণীয় বলিদানার্থে আপনারদের শরীরকে সমর্পণ করিবা; এই তোমারদের উপযুক্ত সেবা. এবং এ জগতের সদৃশ হইও না; কিন্তু আপন অন্তঃকর-

ণের নবীনতায় অন্যমত হও, তাহাতে ঈশ্বরের উত্তম ও গ্রাহ্য ও সিদ্ধিময় ইচ্ছা কি, তাহা তোমরা পরীক্ষিত জ্ঞানে যেন জান. কেনন্না যে অনুগ্রহ আমাকে দেওয়া গিয়াছে, তদনুক্রমে আমি তোমারদের মধ্যকার প্রত্যেক জনকে কহি, যে তাহার উপযুক্ত জ্ঞান করার অধিকে সে আপনাকে বড় করিয়া যেন জানে না ; কিন্তু যেমত ঈশ্বর প্রত্যেক জনকে প্রত্যয়ের পরিমাণ বিলাইয়া দিয়াছেন, তদনুক্রমে সুজ্ঞান পূর্ব্বক যেন বুঝে. কেননা যেমত এক শরীরে আমারদের অনেক অঙ্গ আছে, কিন্তু সকল অঙ্গের এক মত কর্ম্ম নহে ; সেইমত আমরা অনেক হইয়া খ্রীষ্টেতে এক শরীর আছি, এবং এক ২ জন অন্যোন্যের অঙ্গ.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ২, পদ ৪১.

এবং পেশাক্ক সময়ে তাঁহার পিতা মাতা প্রতিবৎসর য়িরোশলমে যাইত. এই মতে তাঁহার বয়স বার বৎসর হইলে, তাহারা পর্ব্বের ধারাক্রমে য়িরোশলমে গেল. পরে নিরূপিত দিবসের সমাপন করিলে পর, ফিরিয়া যাইতে২ য়িশু বালক য়িরোশলমে থাকিলেন. কিন্তু য়ুশফ্ ও তাঁহার মাতা তাহা জানিল না. কিন্তু তিনি সমিভ্যারিরদের মধ্যে আছেন, ইহা বুঝিয়া তাহারা এক দিবসের পথ গমন করিল. পরে জ্ঞাতি বন্ধুগণের মধ্যে অনুসন্ধান করিলে, তাঁহার উদ্দেশ না পাইয়া তাহারা পুনশ্চ য়িরোশলমে ফিরিয়া তাঁহাকে অন্বেষণ করিতে লাগিল. এবং তাহারা তিন দিবস পরে তাঁহাকে পণ্ডিতগণের মধ্যে সভাস্থ হইয়া তাহারদের কথা শ্রবণ করিতে এবং তাহারদের স্থানে তত্ত্ব জিজ্ঞাসা করিতে মন্দিরে পাইল. এবং

তাঁহার বুদ্ধিতে ও প্রত্যুত্তরে সকল শ্রোতারা চমৎকৃত হইল. তাঁহাকে দেখিয়া তাহারা বিস্মিত হইল; এবং তাঁহার মাতা তাঁহাকে বলিতে লাগিল, হে পুত্র, আমারদের প্রতি তুমি এমন ব্যবহার কেন করিয়াছ? দেখ, তোমার পিতা ও আমি শোকিত হইয়া তোমার অন্বেষণ করিয়াছি. তখন তিনি তাহারদিগকে কহিলেন, তোমরা কি জন্য আমাকে অন্বেষণ করিলা? তোমরা কি জানিলা না, যে আপনার পিতার কার্য্যে প্রবৃত্ত হইতে আমার আবশ্যক আছে? কিন্তু যে কথা তিনি তাহারদিগকে কহিয়াছিলেন, তাহা তাহারা বুঝিল না. তাহার পরে তিনি তাহারদের সঙ্গে যাইয়া নাজরেতে আগমন করিয়া তাহারদের বশীভূত হইয়া থাকিলেন. কিন্তু তাঁহার মাতা এ সকল কথা আপন অন্তঃকরণে রাখিল. অনন্তর য়িশুর বুদ্ধি ও শরীর এবং তাঁহার প্রতি ঈশ্বর ও মনুষ্যেরদের প্রীতি বাড়িতে লাগিল.

এপিফানিয়ার পর প্রভুর দ্বিতীয় দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও আদ্যন্তরহিত ও স্বর্গস্থ পৃথিবীস্থ সকল বস্তুর শাসনকর্ত্তা পরমেশ্বর, আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা দয়া পূর্ব্বক আপন লোকেরদের প্রার্থনা শুন, এবং আমারদের পরমায়ু পর্য্যন্ত আপনার শান্তি প্রদান করহ. আমেন.

পত্র. রুমী. পর্ব্ব ১২, পদ ৬.

অতএব আমারদিগকে যে অনুগ্রহ দেওয়া গিয়াছে, তদনুক্রমে ভিন্ন দান প্রাপ্ত হইয়া, যদি ভবিষ্যদ্বাণী হয়, প্রত্যয়ের পরিমাণানু-

সারে তাহাতে প্রবৃত্ত হই; কি সেবা করণ হয়, আপন সেবনে; কি শিক্ষক হয়, শিক্ষা কর্‌ণেতে; কিম্বা উপদেশক হয়, উপদেশ দেওনে; যে দান করে, তাহা সরলতায় করুক; যে তত্ত্বাবধারণ করে, তাহা প্রযত্নে করুক; যে ধর্ম্ম ক্রিয়াতে প্রবৃত্ত হয়, তাহা হৃষ্ট মনে করুক. প্রেম অকপট হউক. যাহা মন্দ, তাহা ঘৃণা কর; যাহা ভাল, তাহাতে লাগিয়া থাক. ভ্রাতৃক প্রেম পূর্ব্বক পরস্পর প্রীতিতে পূর্ণ হও. সম্ভ্রমে পরস্পর অন্য অন্যের শ্রেষ্ঠতা মানিতে প্রস্তুত; কর্ম্মেতে নিরালস্য; আত্মায় জ্বলন্ত; প্রভুর সেবাতে প্রবৃত্ত; ভরসায় আনন্দিত; ক্লেশেতে সহিষ্ণু; প্রার্থনায় নিত্য নিবিষ্ট; পুণ্যবানেরদের অনাটনে নির্ব্বাহ যোগাইতে উদ্যুক্ত; আতিথ্য ব্যবহারে আবিষ্ট. যাহারা তোমারদিগকে তাড়না করে, তাহারদের কল্যাণ চাহ; তাহারদের কল্যাণ চাহ ও শাপ বাণী দিও না. যাহারা আনন্দ করে, তাহারদের সহিত আনন্দ করহ; এবং যাহারা ক্রন্দন করে, তাহারদের সহিত ক্রন্দন করহ. পরস্পর ভাবেতে এক মন হও, মহৎ বিষয় প্রতি মনোযোগ করিও না, কিন্তু নম্রশীল হইয়া নীচে পদস্থেরদিগকে নম্রতা ব্যবহার দেখাও.

যোহন. পর্ব্ব ২, পদ ১.

তৃতীয় দিবসে গালিলির কানায় এক বিবাহ উপস্থিত হইল; তাহাতে য়িশুর মাতা সেখানে ছিলেন; এবং সে বিবাহেতে য়িশু ও তাঁহার শিষ্যগণ দুয়ের নিমন্ত্রণ হইয়াছিল. পরে দ্রাক্ষা রসের ত্রুটি হইলে, য়িশুর মাতা তাঁহাকে কহিলেন, ইহারদের দ্রাক্ষা রস নাই. য়িশু তাঁহাকে কহিলেন, হে নারি, তোমার সহিৎ আমার বিষয় কি? আমার সময় এখন উপস্থিত হয় নাই.

তাঁহার মাতা ভৃত্যেরদিগকে কহিলেন, যে ইনি তোমারদিগকে যাহা বলেন, তাহা করিও. সেখানে য়িহুদীয়েরদের শুচি হওন ব্যবহার ক্রমে ছয়টা পাতরের জালা থোয়া গিয়াছিল, এক২ জালায় মোন দুই তিনেক আঁটে. য়িশু তাহারদিগকে কহিলেন, জালা সকল জলেতে ভরিয়া দেও; এবং তাহারা কানা পর্য্যন্ত তাহা ভরিয়া দিল. পরে তিনি বলিলেন, এখন ঢালিয়া লও, এবং বিবাহ কর্ত্তার নিকট উঠাইয়া লইয়া যাও. অতএব তাহারা উঠাইয়া লইয়া গেল. যখন বিবাহ কর্ত্তা সে জলোদ্ভব দ্রাক্ষা রস চাকিল, তাহা কোথাহইতে হইল, জল বাহক ভৃত্যগণ জানিল বটে, কিন্তু সে না জানিয়া বরকে ডাকিয়া তাহাকে বলিতে লাগিল, যে সকল লোক উত্তম দ্রাক্ষা রস প্রথমে বাহির করিয়া থোয়ে, পাছে লোকের যথোচিত পান হইলে পরে, তাহাহইতে কিছু মন্দ দেয়; কিন্তু তুমি তো উত্তম দ্রাক্ষা রস এখন পর্য্যন্তই রাখিয়াছ. য়িশু এই আশ্চর্য্যের আরম্ভ গালিলির কানায় করিয়া আপন মহিমা প্রকাশ করিলেন; এবং তাঁহার শিষ্যেরা তাঁহার উপর বিশ্বাস করিল.

## এপিফানিয়ার পর প্রভুর তৃতীয় দিবস.

## প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও আদ্যন্তরহিত ঈশ্বর, দয়া পূর্ব্বক আমারদের দুর্ব্বলতার প্রতি মনোযোগ করহ, এবং সকল সঙ্কটে ও ক্লেশেতে আমারদের উপকার ও রক্ষা করিবার নিমিত্তে আপন দক্ষিণ হস্ত বিস্তার করহ. আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা এই প্রদান করহ. আমেন.

পত্র. রুমী. পর্ব্ব ১২, পদ ১৬.

আপনারদিগকে জ্ঞানি করিয়া জানিও না. মন্দের কারণ কাহাকে মন্দ করিও না. সকল মনুষ্যের সাক্ষাতে সুখ্যাতীয় বস্তুর আয়োজন করিও. যদি হইতে পারে, তবে আপনারদের সাধ্যানুক্রমে সকল মনুষ্যের সহিত মিলিয়া থাক. হে প্রিয়েরা, তোমরা আপনারদের কারণ হিংসাদির সমুচিত করিও না, বরঞ্চ ক্রোধ প্রতি পথ ছাড়িয়া দেও; কেননা লিপি আছে, প্রভু কহেন, সমুচিত ফল দেওয়া আমার কর্ম্ম, আমিই প্রতিফল দিব. অতএব যদি তোমার শত্রু ক্ষুধিত হয়, তাহাকে খাওয়াইয়া দেও; যদি তৃষ্ণিত হয়, তাহাকে পান করাও; কেননা এমত করাতে তুমি তাহার মস্তকের উপর অঙ্গার ঢেরি করিবা: মন্দহইতে পরাজিত হইওনা, কিন্তু ভাল দিয়াই মন্দকে পরাভব করিও.

মাতিউ. পর্ব্ব ৮, পদ ১.

য়িশু সে পর্ব্বতহইতে নামিতে২ বহু লোকারণ্য তাঁহার পশ্চাৎ চলিল. এবং দেখ, এক জন কুষ্ঠী আসিয়া তাঁহাকে প্রণাম করিয়া কহিল, হে প্রভো, যদি তোমার ইচ্ছা হয়, তবে আমাকে পরিষ্কৃত করিতে পার. তখন য়িশু হস্ত বিস্তার করিলেন ও তাহাকে স্পর্শ করিয়া কহিলেন, আমার ইচ্ছা আছে; তুমি পরিষ্কৃত হও. এবং তৎক্ষণাৎ তাহার কুষ্ঠ পরিষ্কৃত হইল. পরে য়িশু তাহাকে কহিলেন, সাবধান, তুমি কোন মনুষ্যকে কহিও না; কিন্তু প্রস্থান করিয়া যাজকের স্থানে দেখা দিয়া, যে দান মোশে নিরূপণ করিয়া আজ্ঞা করিলেন, তাহা তাহারদের প্রতি সাক্ষীর নিমিত্তে নিবেদন করহ. অন-

ন্তর য়িশু কাপর্নাউমে পুবিষ্ট হইলে, এক জন শতসেনারপতি তাঁহার নিকটে আইল ও কাকুতি করিয়া কহিল, হে পুভো, আমার নফর অর্দ্ধাঙ্গব্যাধিতে ব্যাধিত ও অত্যন্ত বেদনাকুল হইয়া ঘরেতে শুইয়া আছে. য়িশু তাহাকে কহিলেন, আমি আসিয়া তাহাকে সুস্থ করিব. সে শতসেনারপতি পুত্যুত্তর করিয়া বলিতে লাগিল, হে পুভো, আমি এমত যোগ্য পাত্র নহি, যে তুমি আমার ছাতের নীচে আইস; কিন্তু এক কথা মাত্র বল, তাহাতে আমার নফর সুস্থ হইবে. কেননা আমি এক মনুষ্য আজ্ঞার বশীভূত হইয়া আপন আজ্ঞার বশে সেনাগণকেও রাখিতেছি; তাহাতে আমি এক জনকে, যাও, বলিলে সে যাইতেছে, ও অন্যকে, আইস, বলিলে সে আসিতেছে, এবং আপনার নফরকে, এই কর্ম্ম কর, বলিলে সে তাহা করিতেছে. য়িশু এই কথা শুবণ করিয়া আশ্চর্য্য জ্ঞান করিলেন, এবং পশ্চাদ্গামীরদিগকে কহিলেন, সত্য আমি তোমারদিগকে কহি, এই মত পুত্যয় বরং য়িশ্রাএলের মধ্যে আমি পাই নাই. এবং আমি তোমারদিগকে কহি, যে পূর্ব্ব ও পশ্চিম দিগহইতে অনেক লোক আসিয়া অব্রাহাম ও য়িস্হাক ও য়াকুবের সহিত স্বর্গের রাজ্যেতে বসিবে, কিন্তু রাজ্যের সন্তানেরা বহির্ভূত অন্ধকারে পরিত্যাগ হইবে, সেখানে ক্রন্দন ও দন্তের কিড়িমিড়ি. পরে য়িশু সে শতসেনারপতিকে কহিলেন, চলিয়া যাও, ও যেমত তুমি পুত্যয় করিয়াছ, সেই মত তোমাকে ঘটুক. এবং সেই দণ্ডেই তাহার নফর সুস্থ হইল.

### এপিফানিয়ার পর পুভুর চতুর্থ দিবস.

### পুার্থনা.

হে পরমেশ্বর, তুমি জ্ঞাত আছ, যে আমরা অতি বাহুল্য ওবিপ-

রিত সঙ্কটের মধ্যে পতিত হইয়াছি, এই নিমিত্তে আপনারদের পৃ- কৃতির দুর্ব্বলতা পযুক্ত আমরা আপনহইতে সর্ব্বদা স্থির থাকিতে পারি না; এতদর্থে যাহাতে সকল সঙ্কটে আমারদের রক্ষা হয়, এবং যাহাতে সকল পরীক্ষাহইতে আমরা অক্ষত রূপে উত্তীর্ণ হইতে পারি, এমত শক্তি ও সাহায্য আমারদের প্রভু য়িশু খ্রুষ্টের দ্বারা আমারদিগকে পৃদান করহ. আমেন.

পত্র. রূমী. পর্ব্ব ১৩, পদ ১.

সকল প্রাণী পৃধান২ পদের বশীভূত হউক; কেননা ঈশ্বরহইতে ব্যতিরেক কোন পৃধান পদ হয় না; যে২ পৃধান পদ আছে, সে ঈশ্বরের নির্ব্বন্ধনে হইয়াছে. অতএব যে কেহ পৃধান পদের রোধন করে, সে ঈশ্বরের নির্ব্বন্ধন রুদ্ধ করিতেছে; ও যাহারা রোধন করে, তাহারা আপনারদের সমুচিত দণ্ড পাইবে. কেনন! শাসনকর্ত্তারা সু- ক্রিয়ার পৃতি ভয়ানক নহে, কিন্তু কুক্রিয়ার পৃতি. অতএব তুমি কি পৃধান পদের ভয় রহিত হইতে চাহ? ভাল কর্ম্ম করহ; তবে তাহার স্থানে পৃতিষ্ঠা পাইবা. কেননা তোমার হিতার্থ তিনি ঈশ্বরের সেবক. কিন্তু যদি মন্দ কর, তবে ভীত হও; কেননা তিনি তলও- য়ার নিরর্থক ধরেন না. তিনিই ঈশ্বরের সেবক, এক সমুচিত ফল- দাতা, কুকারির উপর কোপ সাধিবার কারণ. অতএব বশীভূত হও- নের আবশ্যক আছে, কেবল কোপের বিষয়ে নয়, কিন্তু দোষাদোষ জ্ঞানের বিষয়েও. ইহার কারণ তোমরা রাজস্ব ও দেও; কেননা তাহারা ঈশ্বরের সেবক হইয়া এই কর্ম্মেতেই নিত্য পৃবৃত্ত থাকে. অতএব সকলেরদিগকে, যাহার যে দাওয়া আছে, তাহা দেও; যাহার রাজস্ব দাওয়া, তাহাকে রাজস্ব দেও; যাহার পঞ্চোত্তরা

দাওয়া, তাহাকে পঞ্চোত্তরা দেও; যাহার ভয় দাওয়া, তাহাকে ভয় কর; যাহার সম্ভ্রম দাওয়া, তাহাকে সম্ভ্রম কর.

মঙ্গলসমাচার. মাতিউ. পর্ব্ব ৮, পদ ২৩.

পরে তিনি নৌকাতে প্রবিষ্ট হইলে, তাঁহার শিষ্যগণ তাঁহার পশ্চাৎ চলিল. এবং দেখ, সাগরের মধ্যে বড় এক আঁধি উঠিল, এমত যে নৌকা তরঙ্গে ঢাকা গেল; কিন্তু তিনি নিদ্রিত ছিলেন. তখন তাঁহার শিষ্যগণ আসিয়া তাঁহাকে জাগাইয়া কহিলেক, হে প্রভো ২, আমারদিগকে রক্ষা কর, আমরা মরিতেছি. তিনি তাহারদিগকে কহিলেন, আরে অল্প বিশ্বাসক তোমরা, কেন শঙ্কাকুল হইয়াছ? তখন তিনি গাত্রোত্থান করিয়া বাতাস ও সমুদ্রকে ধম্‌কাইয়া দিলেন; তাহাতে বড় শান্তি হইল. কিন্তু সে মনুষ্যেরা অসম্ভব জ্ঞান করিয়া কহিলেক, এ কি প্রকার মনুষ্য, যে বাতাস ও সমুদ্র তাহার আজ্ঞাবহ আছে? অনন্তর তিনি পার হইয়া গর্গসেন দেশে উপস্থিত হইলে দুই ব্যক্তি ভূতগ্রস্ত কবরস্থানহইতে বাহিরাইয়া তাঁহার সঙ্গে সাক্ষাৎ হইল; তাহারা এমত তেজাল, যে সেই স্থান দিয়া কেহ যাইতে পারিত না. এবং দেখ, তাহারা চীৎকার করিয়া কহিলেক, হে য়িশু ঈশ্বরের পুত্র, তোমার সহিত আমারদের বিষয় কি? তুমি না কি কালের পূর্ব্বে আমারদিগকে যন্ত্রণা দিতে আসিয়াছ? ইহাতে কতক দূরে বড় এক শূকরের পাল চরাই করিতেছিল. অতএব সে ভূতেরা তাঁহাকে কাকুতি করিয়া কহিল, যদি তুমি আমারদিগকে বাহির করিবা, তবে আমারদিগকে শূকরের পালে যাইয়া প্রবেশ করিতে দেও. তিনি তাহারদিগকে কহিলেন, যাও. অত-

এব বাহির হইলে পরে, তাহারা শূকরের পালে যাইয়া প্রবিষ্ট হইল. পরে, দেখ, সমুদায় শূকরের পাল আড়ূরী দিয়া মহা বেগে ধাইয়া সমুদ্রে পড়িল, ও জলের মধ্যে নষ্ট হইল. তখন তাহার রক্ষকেরা পলায়ন করিয়া নগরে গিয়া সমস্ত বৃত্তান্ত, এবং ভূতগ্রস্তেরদিগকে কিং ঘটিয়াছে, তাহা কহিয়া দিল. এবং দেখ, সে নগর সমূহ য়িশুর সহিত সাক্ষাৎ করিতে বাহিরে আইল, ও তাঁহাকে দেখিলে পরে, তাহারা কাকুতি করিল, যে তিনি তাহারদের সীমান্তরে প্রস্থান করেন.

## এপিফানিয়ার পর প্রভুর পঞ্চম দিবস.

### প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে কাকুতি বিনতি করিতেছি, য়ে আপন মণ্ডলী স্বরূপ পরিজনকে সত্য ধর্ম্মেতে নিত্যং রক্ষা করহ, তাহাতে তোমার স্বর্গীয় অনুগ্রহেতে যাহারা কেবল ভরসা রাখে, তাহারা আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা তোমার মহা পরাক্রমেতে যেন সর্ব্বদা রক্ষিত হয়. আমেন.

### পত্র. কলসী. পর্ব্ব ৩, পদ ১২.

অতএব ঈশ্বরের মনোনীত পুণ্যবান ও প্রিয়লোক হইয়া, যেমত উচিত হয়, সকরুণ দয়া ও কোমলতা ও অন্তঃকরণের নম্রতা ও ধীরতা ও চির সহিষ্ণুতাকে পরিধান করহ; এবং কোন মনুষ্যের সঙ্গে যদি কাহার কিছু বাদ থাকে, তবে পরস্পর ধৈর্য্য ও পরস্পর ক্ষমা করা যাউক; যেমত খ্রীষ্ট তোমারদিগকে ক্ষমা করিলেন, সেইমত

তোমরাও কর. এবং এ সকলের উপর প্রেম, যাহা সিদ্ধির বন্ধন, তাহা পরিধান কর; ও তোমারদের মনেতে ঈশ্বরের শান্তি অধিকার করুক, যাহার নিমিত্তে তোমরা এক শরীরেতে আহূত ও হইয়াছ, এবং স্তাবক হও. তোমারদের মনেতে ধর্ম্ম প্রসাদ রাখিয়া প্রভুর প্রতি সংকীর্ত্তন করিয়া ভজন গীত ও স্তব গীত ও পরমার্থিক গীত গানেতে পরস্পর শিক্ষাইতে ও চেতাইতে প্রবৃত্ত হইয়া খ্রীষ্টের বাণী সর্ব্ব বুদ্ধিতে তোমারদের অভ্যন্তরে পুষ্করূপে থাকুক; এবং তাঁহার দ্বারা ঈশ্বর পিতাকে স্তব করিয়া, যে কিছু তোমরা কর, কিবা কথায়, কিবা ক্রিয়ায়, সমস্তই প্রভু য়িশুর নামেতে করহ.

মঙ্গলসমাচার. মাতিউ. পর্ব্ব ১৩, পদ ২৪.

স্বর্গের রাজ্য এক জনের তুল্য, যে আপন ক্ষেত্রে ভাল বীজ বুনিয়াছিল, কিন্তু জন সকল নিদ্রায় থাকিতেং তাহার শত্রু আসিয়া গোমের মধ্যে বন বীচা ফেলিয়া চলিয়া গেল. কিন্তু পত্র বাড়িলে পরে, যখন শীষ উঠিতে লাগিল, তখন বন ঘাস ও দর্শন দিল. অতএব সে গৃহস্থের ভৃত্য সকল আসিয়া তাহাকে কহিলেক, হে মহাশয়, তুমি আপন ক্ষেত্রে কি ভাল বীজ বুন না? তবে বন ঘাস কোথাহইতে হইল? তিনি তাহারদিগকে কহিলেন, কোন বৈরী ইহা করিয়া থাকিবে. ভৃত্যেরা কহিলেক, তবে কি তোমার ইচ্ছা হয় যে আমরা যাইয়া তাহা উখড়াইয়া লই? কিন্তু তিনি কহিলেন, যে না, কি জানি বন ঘাস উখড়াইতেং তোমরা গোম ও তাহার সহিত উৎখাত বা কর. কাটনের সময় পর্য্যন্ত দুই একত্র বাড়ুক; পরে কাটিবার সময়ে আমি কাটন্যারদিগকে কহিব, যে প্রথমে বন ঘাস সকল কুড়াইয়া একত্র

কর, এবং তাহা পোড়াইবার কারণ বোঝা২ করিয়া বান্ধিয়া রাখ; কিন্তু গোম সকল গোলাতে একত্র করহ.

## এপিফানিয়ার পর প্রভুর ষষ্ঠ দিবস.

### প্রার্থনা.

হে পরমেশ্বর, শয়তানের কর্ম্ম সকল নাশ করণার্থে, এবং আমারদিগকে ঈশ্বরের সন্তান ও অনন্ত জীবনের উত্তরাধিকারিগণেরদের পদ দেওনার্থে তোমার ধন্য পুত্র আবির্ভূত হইলেন; এই প্রত্যাশা আমরা রাখিয়া. তিনি যেমত পরিস্কৃত আছেন, সেইমত আমরা ও যে আপনারদিগকে পরিস্কৃত করি, ইহা প্রদান করহ; তাহাতে তিনি যখন পরাক্রমে ও মহাতেজেতে পুনর্ব্বার প্রকাশিত হইবেন, তখন তাঁহার অনন্ত ও গুণময় রাজ্যেতে আমরা যেন তাঁহার সদৃশ কৃত হই. এই রাজ্যের মধ্যে, হে পিতঃ, তোমার সঙ্গে এবং, হে ধর্ম্মাত্মা, তোমার সঙ্গে তিনি এক ঈশ্বর হইয়া সর্ব্বকাল জীবন্ত থাকিয়া রাজত্ব করেন. আমেন.

### পত্র. ১ য়োহন. পর্ব্ব ৩, পদ ১.

দেখ, কি প্রকার প্রেম পিতা আমারদিগকে প্রদান করিয়াছেন, যে আমরা ঈশ্বরের সন্তান নামধেয় হই. অতএব এ বিষয়ে জগৎ সংসার আমারদিগকে জানে না, কেননা সে তাঁহাকে জানে না. হে প্রিয়েরা, এখন তো আমরা ঈশ্বরের সন্তান আছি, পরন্তু আমরা কি হইব, তাহা সম্প্রতি প্রকাশ হয় নাই; কিন্তু আমরা তাঁহার সদৃশ হইব, কেননা তিনি যেমত আছেন, সেইমত আমরা তাঁহাকে দে-

খিব. এবং প্রত্যেক জন যে তাঁহাতে এই প্রত্যাশা রাখে, তিনি যেমত পরিষ্কৃত আছেন, সেই মত সেই জন ও আপনাকে পরিষ্কার করে. যে কেহ পাপাচার করে, সে ব্যবস্থা লঙ্ঘন করে; কেননা পাপই ব্যবস্থার লঙ্ঘন. এবং তোমরা জান, যে তিনি আমারদের পাপ দূর করিয়া দিতে প্রকাশিত ছিলেন, এবং তাঁহাতে কিছুই পাপ নাই. যে কেহ তাঁহাতে তিষ্ঠে, সে পাপ করে না; যে কেহ পাপ করে, সে তাঁহাকে দেখে নাই, এবং জানে ও নাই. হে বাছারা, কেহ তোমারদিগকে যেন ভুলাইতে না পায়; যে প্রকৃতাচার করে, সে প্রকৃতার্থ আছে, যেমত তিনি আপনি ও প্রকৃতার্থ হন. যে পাপাচার করে, সে শয়তানহইতে হয়; কেননা শয়তান প্রথমহইতে পাপ করিয়া আসিতেছে. অতএব ইহার কারণ ঈশ্বরের পুত্র প্রকাশিত হইলেন, যে তিনি শয়তানের কর্ম্ম সকল নাশ করেন.

মঙ্গলসমাচার. মাতিউ. পর্ব্ব ২৪, পদ ২৩.

তখন যদি কেহ তোমারদিগকে কহে, দেখ, খ্রীষ্ট এখানে আছেন, কিম্বা ওখানে আছেন, তাহাকে প্রত্যয় করিও না; কেননা মিথ্যা খ্রীষ্ট ও মিথ্যা ভবিষ্যদ্বক্তারা উঠিবে, এবং মহৎ লক্ষণ ও আশ্চর্য্য কর্ম্ম প্রকাশ করিবে, এমত যে তাহারা মনোনীতেরদিগকেই ভ্রান্ত করাইবে, যদি তাহা হইতে পারে. দেখ, আমি তাহার পূর্ব্বহইতে তোমারদিগকে কহিয়া দিয়াছি. অতএব যদি তাহারা তোমারদিগকে কহে, যে দেখ, তিনি প্রান্তরে আছেন, তবে বাহিরাইও না; কিম্বা, দেখ, তিনি অন্তঃপুরে আছেন, তাহা প্রত্যয় করিও না. কেননা যেমত বিদ্যুৎ পূর্ব্বদিগহইতে নির্গত হইয়া পশ্চিমদিগ পর্য্যন্ত

প্রকাশিত হয়, সেইমত মনুষ্য পুত্রের আগমন ও হইবে. কেননা যেখানে মরা আছে, সেই স্থানে কুরর সকল যড় হইবে. সেই দি-বসের ক্লেশ হইলে পরে, হঠাৎ সূর্য্য অন্ধীকৃত হইবে ও চন্দ্র আপ-নার জ্যোৎস্না দিবেক না এবং নক্ষত্র সকল আকাশহইতে পতন হই-বে; আর স্বর্গের বল সকল দোলিত হইবে. তখন মনুষ্য পুত্রের চিহ্ন আকাশেতে দেখা যাইবে, ও সেই সময়ে পৃথিবীর সমস্ত জাতি ক্রন্দন করিবে, এবং তাহারা মনুষ্য পুত্রকে সপরাক্রমে ও মহা তেজেতে আকাশের মেঘে আসিতে দেখিবে. এবং তিনি আপন দূতগণেরদিগকে বাঁকের মহৎ শব্দেতে প্রেরণ করিবেন, ও তাহারা আকাশের এক দিকহইতে অন্য দিক পর্য্যন্ত চতুর্ব্বায়ুহইতেই তাঁহার মনোনীতেরদিগকে আনিয়া একত্র করিবেক.

খ্রীষ্টের দুঃখভোগের স্মরণার্থে নিরূপিত
সময়ের পূর্ব্বে প্রভুর তৃতীয় দিবস.

প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে কাকুতি বিনতি করিতেছি, যে আপন লোকেরদের প্রার্থনা সকল আনুকূল্য পূর্ব্বক শুন, তাহাতে যে আমরা আপনারদের পাপের কারণ প্রকৃত রূপে দণ্ডী হইলে তোমার নামের সমানার্থে তোমার দয়াতে ও অনুগ্রহেতে যেন উদ্ধার পাই. আমার-দের ত্রাণকর্ত্তা যিশু খ্রীষ্ট, যিনি তোমার আর ধর্ম্মাত্মার সঙ্গে এক ঈশ্বর হইয়া সর্ব্বকাল জীবন্ত থাকিয়া রাজত্ব করেন, তাঁহার নিমিত্তে এই প্রদান করহ. আমেন.

পত্র. ১ করিন্থী. পর্ব্ব ৯, পদ ২৪.

তোমরা কি জান না, যাহারা পণ করিয়া দৌড়ে, তাহারা সকলেই দৌড়ে বটে, কিন্তু এক জন জিতানী বস্তু পায়; এমত দৌড়ে যেন তোমরা প্রাপ্ত হও. এবং যে সকল জয় নিমিত্তে প্রতিযোগিতা করে, তাহারা সকল বিষয়েতে ধৈর্য্য করে; তথাচ তাহারা ক্ষয় মুকুট পাইবার কারণ এমত করে, কিন্তু আমরা অক্ষয় মুকুটের কারণ করি. অতএব অদৃঢ় সন্ধান করিলে যেমত হয়, এমত আমি দৌড়ি না; শূন্য মারিলে যাদৃশ হয়, তাদৃশ আমি যুদ্ধ করি না. কিন্তু আমি আপন শরীরকে দমন করিয়া বশ করিয়া রাখি, পাছে অন্যেরদের প্রতি প্রচারক হইলে পরে আমি আপনি বা ত্যক্ত হই.

মঙ্গলসমাচার. মাতিউ. পর্ব্ব ২০, পদ ১.

স্বর্গের রাজ্য এক জন গৃহপতির তুল্য, যে অতি প্রভাতে আপন দ্রাক্ষা বাগানের কারণ জন পাইটেরদিগকে বেতন দিয়া আনিতে লাগিলেন. এবং খাটুন্যারদের সহিত এক সিকা দিন তাহারদের বেতন স্থির করিয়া তিনি তাহারদিগকে আপন দ্রাক্ষা বাগানে পাঠাইয়া দিলেন. অনন্তর এক প্রহর বেলায় বাহিরে গিয়া তিনি বাজারেতে আর ২ জনেরদিগকে নিষ্কর্ম্মে দাঁড়াইয়া থাকিতে দেখিলেন, এবং তিনি তাহারদিগকে কহিলেন, তোমরাও দ্রাক্ষা বাগানে যাও; আর যাহা উপযুক্ত আছে, তাহা আমি তোমারদিগকে দিব. অতএব তাহারা চলিয়া গেল. পুনশ্চ তিনি দুই প্রহর ও তিন প্রহর বেলায় বাহিরে গিয়া তম্মত কহিলেন. তৎপরে এক ঘড়ি দিন থাকিতে তিনি বাহিরাইয়া আর ২ জনেরদিগকে ও নিষ্কর্ম্মে দাঁড়াইয়া থাকিতে

সাক্ষাৎ পাইলেন, ও তাহারদিগকে কহিলেন, তোমরা সমস্ত দিন এখানে নিষ্কর্ম্মা হইয়া থাক কেন? সে জনেরা তাহাকে কহিল, কেহ আমারদিগকে বেতন দিয়া লইয়া যায় নাই. এই নিমিত্তে তিনি তাহারদিগকে কহিলেন, তোমরাও দ্রাক্ষা বাগানে যাও, ও যাহা উপযুক্ত হয়, তাহা তোমরা পাইবা. অতএব সন্ধ্যাকাল উপস্থিত হইলে, সে দ্রাক্ষা বাগানের কর্ত্তা আপন কর্ম্মকারীকে কহিতেছেন, খাটুন্যারদিগকে ডাকিয়া শেষ জন আরম্ভ করিয়া প্রথম জন পর্য্যন্তই আপন ২ বেতন সকলেনদিগকে দেও. এবং যাহারা এক ঘড়ি দিন থাকিতে কর্ম্ম পাইয়াছিল, তাহারা আসিয়া প্রতি জন এক২ সিকা পাইল. কিন্তু যখন প্রথম জনেরা আইল, তাহারা অনুমান করিল, যে আমরা অধিক পাইব. কিন্তু তাহারাও প্রতি জন এক২ সিকা পাইল, এবং পাইলে পরে, তাহারা সেই গৃহপতির প্রতি কচ২ করিয়া বলিতে লাগিল, আমরা দিনের গ্রীষ্ম ও শ্রমের ভার সহিয়াছি, তথাচ এই যে পশ্চাৎ জনেরা এক ঘড়ি মাত্র কর্ম্ম করিয়াছে, তাহারদিগকে তুমি আমারদের তুল্য করিয়া দিয়াছ. কিন্তু তিনি তাহারদেদ মধ্যকার এক জনকে উত্তর দিয়া কহিলেন, হে মিত্র, আমি তোমাকে কিছু অন্যায় করি নাই, তুমি আমার সহিত এক সিকা দিন সমাধা করিয়া স্বীকৃত হইয়াছিলা কি না? তুমি যাহা আপনার, তাহা লইয়া চলিয়া যাও; যেমত তোমাকে দিয়াছি, সেইমত আমি এই পশ্চাৎ জনকেও দিব. আমার নিজ দ্রব্যে, যাহা ইচ্ছা করি, তাহাই করিতে আমার কর্ত্তব্য কি না? আমি ভাল আছি, ইহার কারণ না কি তোমার চক্ষু মন্দ? অতএব প্রথমটা শেষ হইবে ও শেষটা প্রথম; কেননা অনেক লোক আহ্বানিত হয়, কিন্তু অল্প লোক মনোনীত.

খ্রীষ্টের দুঃখভোগের স্মরণার্থে নিরূপিত
সময়ের পূর্ব্বে প্রভুর দ্বিতীয় দিবস.

প্রার্থনা.

হে প্রভো ঈশ্বর, তুমি জ্ঞাত আছ, যে আমরা আপনারদের কোন কর্ম্মেতে ভরসা রাখি না; অনুগ্রহ পূর্ব্বক আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা আপন পরাক্রমেতে সকল আপদহইতে আমারদিগকে রক্ষা করহ. আমেন.

পত্র. ২ করিন্থী. পর্ব্ব ১১, পদ ১৯.

তোমরা জ্ঞানী বট; অতএব মূর্খ লোকেরদিগকে তোমরা স্বচ্ছন্দে সহিতে পার. কেননা যদি কোন মনুষ্য তোমারদিগকে বশতাপন্ন করিয়া দেয়, যদি সে খাইয়া ফেলে, যদি সে তোমারদের সামগ্রী ধারণ করে, যদি সে আপনাকে মহৎ করিয়া দেখায়, যদি সে তোমারদের মুখে চড় মারে, তাহা তোমরা সহিষ্ণুতা করহ. ইহা আমি অপমান ভাবে কহি, যাদৃশ আমরা অশক্ত হইতাম; কিন্তু অবশ্য যাহাতে অন্য কেহ সাহসী হয়, (আমি মূর্খবৎ কহি,) তাহাতে আমিও সাহসী আছি. তাহারা কি হেব্রী বটে? আমি ও সেই; তাহারা কি য়িশ্রাএলী? আমি ও সেই; তাহারা কি অব্রাহামের বংশ? আমি ও সেই; তাহারা কি খ্রীষ্টের সেবক? (আমি মূর্খবৎ কহি,) আমি অধিক আছি, শ্রমের বাহুল্যেতে অধিক, প্রহারেতে আরো অতিবাদ, কারাগার বন্ধনে আরো অধিকবার, মৃত্যুতে বার-ম্বার. য়িহূদীয়েরদিগহইতে আমি পাঁচবার এক কম চল্লিশ কোড়া প্রহার খাইয়াছি; তিনবার আমি আশাতে প্রহারিত ছিলাম,

একবার আমি পুস্তরাঘাত ছিলাম, তিনবার আমি ভগ্ন জাহাজ ক্লেশেতে ছিলাম, এক দিবা রাত্রি আমি গম্ভীর সমুদ্রে যাপন করিলাম; অনেকবার যাত্রাতে, জল সঙ্কটে, চোরের সঙ্কটে, স্বদেশি লোকের সঙ্কটে, পরদেশি লোকের সঙ্কটে, নগর মধ্যে সঙ্কটে, বন মধ্যে সঙ্কটে, সমুদ্র মধ্যে সঙ্কটে, মিথ্যা ভ্রাতৃগণের মধ্যে সঙ্কটে, শ্রমেতে ও ক্লেশেতে অনেকবার, জাগৃত থাকাতে, ক্ষুধায় ও তৃষ্ণায় অনেকবার, অনাহারেতে শীতে ও বিবসনে. আর বাহ্য বিষয় ছাড়া মণ্ডলী সকলের চিন্তা পৃত্যহ আমার উপর চাপিয়া পড়ে. কেটা অশক্ত হইলে আমি অশক্ত নহি? কেটা বিরক্ত হইলে আমি সন্তপ্ত নহি? যদি গৌরব করিবার আবশ্যক হয়, তবে আমি আপনার দৌর্ব্বল্যাদিতে গৌরব করিব. আমারদের পৃভু য়িশু খ্রীষ্টের পিতা যিনি সর্ব্বদা নিত্যানন্দ তিনি জানেন, যে আমি মিথ্যা কহি না.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ৮, পদ ৪.

পৃতি নগরহইতে আসিয়া য়িশুর সমীপে যথেষ্ট লোকের ঘটা হইলে, তিনি এক দৃষ্টান্ত কহিলেন; এক বুনন্যা আপন বীজ বুনিতে গেল, এবং বুনিতে২ কিছু পথের পার্শ্বে পড়িল, সে দলিয়া গেল, এবং আকাশের পক্ষী সকল তাহা খাইয়া ফেলিল. কিছু পাষাণ স্থলে পড়িল; তাহাতে গাছ হইবা মাত্র, তাহার কমরস পৃযুক্তে সে শুকাইয়া গেল. কিছু কাঁটা বনের মধ্যে পড়িল; পরে সে কাঁটা বন তাহার সঙ্গে বাড়িয়া তাহাকে দাবাইয়া দিল. অন্য ভাল ভূঁইতে পড়িল, এবং বাড়িল ও শত গুণে ফল দিল. এই কথা কহিয়া তিনি চেঁচাইয়া বলিলেন, যাহার শুনিবার কর্ণ আছে, সেই শুনুক! পরে তাঁহার শিষ্যেরা তাঁহাকে জিজ্ঞাসা করিল, যে এই

দৃষ্টান্ত বা কি? তিনি কহিলেন, ঈশ্বরের রাজ্যের গুহ্য বিষয় জানিতে তোমারদিগকে দেওয়া গিয়াছে; কিন্তু অন্যেরদিগকে উপমার দ্বারা মাত্র, যেন তাহারা দেখিয়া না দেখে এবং শুনিয়া না বুঝে. কিন্তু দৃষ্টান্তটা এই, বীজ আছে ঈশ্বরের বাণী; পথের পার্শ্বে যে সে এই যাহারা তাহা শুনে, পরে যেন প্রত্যয় করিয়া ত্রাণ না পায়, এই জন্যে শয়তান আসিয়া তাহারদের অন্তঃকরণহইতে বাণীটা বাহির করিয়া লয়. পাষাণ স্থলে যে সে এমন লোক যে শ্রবণ করিয়া হর্ষিত মনে বাণী গ্রহণ করে; কিন্তু ইহারদের মূল না হইলে তাহারা কিছু ক্ষণ বিশ্বাস করে, পরে পরীক্ষা সময়ে ঠেষ খাইয়া ফিরিয়া যায়. পরে যে কাঁটা বনে পড়িয়াছিল, তাহারা সেই যাহারা শ্রবণ করিলে পরে যাইয়া এ কালের চিন্তায় ও ধনেতে ও সুখেতে মগ্ন হইয়া উপযুক্ত ফল দেয় না. কিন্তু ভাল মৃত্তিকায় যে, তাহারা সেই যে বাণী শুনিয়া প্রকৃতার্থ এবং শুদ্ধান্তঃকরণে তাহা রাখে এবং সহিষ্ণুতা পূর্ব্বক ফলোৎপন্ন করে.

খ্রীষ্টের দুঃখভোগের স্মরণার্থে নিরূপিত
সময়ের পূর্ব্বে প্রভুর প্রথম দিবস.

প্রার্থনা.

হে প্রভো, তুমি আমারদিগকে শিক্ষা করাইয়াছ, যে প্রেম না হইলে, যে কিছু আমরা করি, তাহাতে কিছু লাভ হয় না; এদতর্থে আপন ধর্ম্মাত্মাকে প্রেরণ করিয়া অতি উৎকৃষ্ট প্রেমদান, অর্থাৎ শান্তি ও সকল গুণের বন্ধন, যাহা রহিত হইয়া যে কেহ জীয়ে, তাহাকে তোমার গোচরে মৃত ঠাহরা যায়, এমন প্রেম আমারদের মনে জন্মাও. আপন অদ্বিতীয় পুত্র য়িশু খ্রীষ্টের নিমিত্তে এই প্রদান করহ. আমেন.

পত্র. ১ করিন্থী. পর্ব্ব ১৩, পদ ১.

যদিতু আমি মনুষ্যেরদের ও স্বর্গদূতেরদের ভাষা বলি, কিন্তু প্রেম না রাখি, তবে আমি ঝঞ্ঝন্যা কাঁসা কিম্বা ঠঠন্যা মন্দিরার মত হইয়াছি. এবং যদ্যপি আমি ভবিষ্যদ্বাণী কহিবার শক্তি ধরি ও সকল নিগূঢ় কথা ও সকল বিদ্যা জানি, আর যদিতু আমার সকল বিশ্বাস হয়, তাহাতে যে পর্ব্বত সরাইতে পারি, কিন্তু আমার প্রেম না হয়, তবে আমি কিছুই না. অপর যদি আমি আপন সম্পত্তি সমূহ ভিক্ষাতে বিতরণ করি, এবং যদি আমি আপন শরীরকে দগ্ধ হইবার কারণ দি, কিন্তু আমার প্রেম না হয়, তাহাতে আমার কিছু লাভ হয় না. প্রেম চিরকাল সহিষ্ণুতা করে, ও কোমল হয়; প্রেম পরশ্রীকাতর নহে; প্রেম গর্ব্বিত হয় না, ফুলে না, অবিহিত ব্যবহার করে না, আত্মচেষ্টা করে না, উগ্রশালী হয় না, মন্দ ভাব করে না, দুষ্কর্ম্মেতে আনন্দ পায় না, কিন্তু সত্যেতে আনন্দ করে, সকলই ক্ষমা করে, সকলই প্রত্যয় করে, সকলই ভরসা করে, সকলই সহিষ্ণুতা করে. প্রেমের হানি কখন হয় না; কিন্তু ভবিষ্যদ্বাণী হয়, তাহা নিবৃত্ত হইবে, কিম্বা ভাষা হয়, তাহার শেষ হইবে, কিম্বা জ্ঞান হয়, সে লুপ্ত হইবে. কেননা আমরা অংশরূপে জানি, এবং অংশরূপে ভবিষ্যদ্বাণী কহি; কিন্তু যাহা সিদ্ধ আছে, তাহা যখন আসিবে, তখন অংশরূপ যাহা, তাহা নিবৃত্ত হইবে. যখন আমি বালক ছিলাম, তখন আমি বালকের মত কহিলাম, বালকের মত বুঝিলাম, বালকের মত বিবেচনা করিলাম; কিন্তু মনুষ্য হইলে পরে, আমি বালকের বিষয় সকল পরিত্যাগ করিলাম. কেননা সম্প্রতি আমরা দর্পণে যাদৃশ অপ্রসন্ন রূপে দেখিতে পাই, কিন্তু তখন মুখামুখি দেখিব; এখন

আমি অংশরূপে জানি, কিন্তু তখন আমি এমত জানিব, যেমত আমি ও জানা আছি. অতএব এখন প্রত্যয় ভরসা প্রেম এই তিন সার থাকিল, কিন্তু ইহার মধ্যে প্রেম বড়.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ১৮, পদ ৩১.

তখন তিনি দ্বাদশেরদিগকে স্বনিকট লইয়া তাহারদিগকে কহিলেন, দেখ, আমরা য়িরোশলমে যাইতেছি, এবং মনুষ্য পুত্রের বিষয়ে ভবিষ্যদ্বক্তাগণের দ্বারা যে সকল গ্রন্থ আছে, তাহার সিদ্ধি হইবে. কেননা সে ভিন্নদেশিরদের স্থানে সমর্পিত হইবে, এবং তাহাকে তাহারা পরিহাস ও দৌরাত্ম্য ব্যবহার করিবে, এবং তাহার উপর থুক ফেলিবে; পরে তাহাকে কোড়া মারিয়া বধ করিবে; অপর তৃতীয় দিবসে সেই পুনরায় উঠিবে. কিন্তু ইহার কোন কথা তাহারা বুঝিল না, এবং এ প্রসঙ্গ তাহারদের স্থানে অস্পষ্ট থাকিল; অতএব সে উক্তির মর্ম্ম বা কি, তাহারা জানিল না. পরে তিনি য়িরিখোর নিকটে আসিয়া উপস্থিত হইলে, এক অন্ধ মনুষ্য পথের পার্শ্বে বসিয়া ভিক্ষা মাঙ্গিয়া থাকিতেছিল, এবং লোকারণ্যের গমনের কোলাহল শুনিয়া সে তাহার হেতু জিজ্ঞাসা করিল. পরে লোক তাহাকে কহিল, যে য়িশু নাজারেণ যাইতেছেন. তখন সে চেঁচাইয়া বলিতে লাগিল, হে য়িশু দাউদের সন্তান, আমার উপর দয়া করুণ. কিন্তু অগ্রগামিরা তাহাকে ধমকাইয়া চুপ রহিতে কহিল; কিন্তু সে ততোধিকে আরো চেঁচাইতে লাগিল, যে হে দাউদের পুত্র, আমার উপর কৃপা করুণ. তখন য়িশু স্থকিত হইয়া তাহাকে স্বনিকট আসিতে আজ্ঞা দিলেন, এবং আইলে পরে তিনি তাহাকে জিজ্ঞাসা করিয়া কহিলেন, যে আমি তোমার জন্যে কি করিব? তুমি কি

চাহ? সে কহিল, হে প্রভো, আমি যেন চক্ষু পাই. যিশু তাহাকে কহিলেন, চক্ষু লও, তোমার বিশ্বাস তোমাকে নিস্তার করিয়াছে. এবং তৎক্ষণাৎ সে চক্ষু পাইয়া ঈশ্বরের প্রসংশা করিতে২ তাঁহার পশ্চাৎ চলিতে লাগিল; এবং লোক সকল দেখিয়া ঈশ্বরের ধন্যবাদ করিতে লাগিল.

খ্রীষ্টের দুঃখভোগের স্মরণার্থে নিরূপিত সময়ের

প্রথম দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও আদ্যন্তরহিত ঈশ্বর, তুমি যে২ সৃষ্টি করিয়াছ, সে বস্তুকে ঘৃণা না করিয়া, যাহারা২ দুষ্কর্ম্মেতে পরাঙ্মুখ হয়, তাহারদের পাপ তুমি ক্ষমা করিতেছ; এতদর্থে আমারদিগেতে নূতন ও চূর্ণ অন্তঃকরণ নির্ম্মাণ করহ, তাহাতে আমরা যে উপযুক্ত রূপে আপনারদের পাপ হওনেতে খেদান্বিত হইয়া এবং আপনারদের দুর্গতি মানিয়া, হে অতি দয়াময় ঈশ্বর, তোমাহইতে আপন প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা যেন সম্পূর্ণ রূপে ক্ষমা ও পাপমোচন প্রাপ্ত হই. আমেন.

(খ্রীষ্টের দুঃখভোগের স্মরণার্থে নিরূপিত সময়ের প্রত্যেক দিবসে,
সেই দিবসের কারণ নিযুক্ত বিশেষ প্রার্থনা পড়া হইলে পরে,
পূর্ব্বের প্রার্থনা পাঠ করিতে নিয়ম আছে.)

পত্রের বদলে. য়োএল. পর্ব্ব ২, পদ ১২.

যিহুহা কহেন, তোমরা এখন আপনারদের সর্ব্বান্তঃকরণের সহিত এবং উপবাস ও ক্রন্দন ও শোকের সহিত আমার প্রতি ফিরিয়া আইস; এবং আপনারদের অন্তঃকরণ চির, আপনারদের বস্ত্র

ফিরিও না, এবং আপনারদের ঈশ্বর য়িহহার প্রতি ফির; কেননা তিনি দয়ালু ও কৃপান্বিত আছেন, তিনি চিরক্ষান্তি ও অতিশয় স্নেহ-যুক্ত এবং মন্দের বিষয়ে খেদিত হয়েন. তাহাতে যে তিনি ফিরিয়া আসিবেন ও খেদিত হইবেন এবং এক বরদান অর্থাৎ য়িহহা তোমারদের ঈশ্বরের কারণ এক চরু ও পানীয় নৈবেদ্য আপনার পশ্চাৎ রাখিবেন, ইহা কে জানে? সীয়নে তুরী বাজাও, উপবাস নিরূপণ কর, মহোৎসবার্থে আহ্বান কর, লোকেরদিগকে একত্র কর, মণ্ডলীকে পবিত্র কর, প্রাচীনেরদের সভ্য কর, বালকেরদিগকে ও স্তন পায়ি শিশুরদিগকে একত্র কর; বর আপন কুটরীহইতে ও কন্যা আপন অন্তঃপুরহইতে নির্গত হউক. য়িহহার সেবাকারী যাজকেরা বেরান্দা ও যজ্ঞবেদির মধ্যস্থানে রোদন করিয়া কহুক, যে হে য়িহহা, তুমি আপন লোকেরদিগকে ক্ষমা কর এবং আপন অধিকারকে অপমানেতে সমর্পণ না করিয়া অন্য দেশীয়েরদিগকে তাহারদের বিপক্ষে উপকথা কহিতে দিও না; তাহারদের ঈশ্বর কোথায়? ইহা কেন লোকেরদের মধ্যে কহা যাইবেক?

মঙ্গলসমাচার. মাতিউ. পর্ব্ব ৬, পদ ১৬.

যখন তোমরা উপবাস কর, তখন কপটীবর্গের মত বিষণ্ণ বদন হইও না; কেননা তাহারা মনুষ্যেরদিগকে উপবাসী দেখাইবার কারণ আপনারদের মুখ বিকৃত করে. সত্য আমি তোমারদিগকে কহি, তাহারা আপনারদের প্রতিফল পাইয়াছে. কিন্তু যখন তুমি উপবাস করহ, তখন আপন মস্তকে তৈল মর্দ্দন কর ও মুখ প্রক্ষালন কর, তাহাতে যেন তুমি মনুষ্যেরদের প্রতি উপবাসী মত না দেখাও,

কিন্তু তোমার গুপ্তমান পিতার প্রতি, এবং তোমার পিতা যিনি গোপনে দেখিতেছেন, তিনি তোমাকে ব্যক্তরূপে প্রতিফল দিবেন. পৃথিবীর উপর আপনারদের কারণ ধন সঞ্চয় করিও না, যেখানে কীট ও মর্চ্যা ক্ষয় করে, ও যেখানে চোরেরা সিন্ধ দিয়া চুরি করে, কিন্তু স্বর্গেতে ধন সঞ্চয় করহ, যেখানে কীট ও মর্চ্যা ক্ষয়ও করে না এবং যেখানে চোরেরা সিন্ধ দিয়া চুরি ও করিতে পারে না. কেননা যেখানে তোমারদের ধন, সেইখানে তোমারদের মন হইবে.

খ্রীষ্টের দুঃখভোগের স্মরণার্থে নিরূপিত সময়ে

প্রভুর প্রথম দিবস.

প্রার্থনা.

হে প্রভো, তুমি আমারদিগের হিতার্থে চালিস দিবা রাত্রি অনাহারে থাকিলা; যাহাতে আমরা জিতেন্দ্রিয়তায় প্রবৃত্ত হইয়া আপনারদের ইন্দ্রিয়গণ দমন করিয়া আত্মার বশে রাখিয়া যাথার্থ্য ও ধর্ম্মের আচরণ করিয়া তোমার পুণ্য চৈতন্যানুসারে গতি করিতে পারি, এমত প্রসাদ আমারদিগকে দেও. হে প্রভো, পিতার ও ধর্ম্মাত্মার সঙ্গে এক ঈশ্বর হইয়া সদাসর্ব্বক্ষণ জীবন্ত থাকিয়া রাজত্ব করিতেছ যে তুমি, আমারদিগকে আপন সম্মান ও গৌরবার্থে এই প্রদান করহ. আমেন.

পত্র. ২ করিন্তী. পর্ব্ব ৬, পদ ১.

অতএব আমরা সহকর্ম্মী হইয়া কাকুতি করি, যে তোমরা ঈশ্বরের অনুগ্রহ নিরর্থক করিয়া না লও. (কেননা তিনি কহিতেছেন, আমি গ্রাহ্য সময়ে তোমার কথা শুনিয়াছি, এবং ত্রাণের দিবসে তোমার সাহায্য করিয়াছি. দেখ, এখনি গ্রাহ্য সময়, দেখ, এখনি ত্রাণের

দিবস.) আমরা কিছুতে চেষ্ বিষয় না দি, সেথায় কর্ম্ম যেন নিন্দিত না হয়, কিন্তু সকল বিষয়ে আমরা ঈশ্বরের সেবকের প্রমাণ দেখাই, বহু ধৈর্য্যেতে, ক্লেশেতে, অনাটনে, কষ্টেতে, প্রহারেতে, বন্ধনে, গোলমালেতে, শ্রমেতে, জাগ্রৎ থাকাতে, অনাহারেতে, নির্ম্মলতাতে, জ্ঞানেতে, চির সহিষ্ণুতাতে, কোমলতাতে, ধর্ম্মাত্মাতে, অকপট প্রেমেতে, সত্যের বাণীতে, ঈশ্বরের শক্তিতে, যাথার্থ্যের অস্ত্রশস্ত্র দক্ষিণ হস্তে ও বাম হস্তেতে, সম্মানে ও অপমানে, সুখ্যাতিতে ও কুখ্যাতিতে, যেমন প্রবঞ্চক, তথাপি সত্য, যেমন অপরিচিত, তথাচ সুপরিচিত, যেমন মৃতবৎ, কিন্তু দেখ আমরা জীবমান্, যেমন শাসিত, তত্রাপি অনাশিত, যেমন শোকাকুল, তথাচ সদানন্দ, যেমন দরিদ্র, তথাচ অনেকের ধনদায়ক, যেমন বস্তুহীন, তত্রাপি সকল বস্তুর অধিকারী.

মঙ্গলসমাচার. মাত্তিউ. পর্ব্ব ৪, পদ ১.

তখন যিশু শয়তানহইতে পরীক্ষিত হইবার কারণ আত্মার দ্বারাতে প্রান্তরে আকর্ষিত হইলেন. এবং চল্লিশ দিবা রাত্রি অনাহারে থাকিলে পরে, তিনি ক্ষুধিত হইলেন. অনন্তর পরীক্ষক তাঁহার নিকটে আসিয়া কহিল, তুমি যদি ঈশ্বরের পুত্র হও, তবে এই প্রস্তর গুলা যেন রুটী হয়, তাহার আজ্ঞা দেও. কিন্তু তিনি উত্তর দিয়া কহিলেন, লেখা আছে যে মনুষ্য কেবল রুটীতে বাঁচিবেক না, কিন্তু প্রতি বাক্য যে ঈশ্বরের মুখহইতে নির্গত হয়, তাহাতেই. তখন শয়তান তাঁহাকে পুণ্য নগরে লইয়া গেল, এবং মন্দিরের এক চূরার উপর রাখিয়া দিল. পরে তাঁহাকে কহিল, যদি তুমি ঈশ্বরের পুত্র হও, তবে নীচে ঝম্প দিয়া পড়; কেননা লিপি আছে,

যে তিনি তোমার বিষয়ে আপন দূতগণেরদিগকে ভার দিবেন, ও তাহারা তোমাকে হাতে ধরিয়া রাখিবে, যেন তোমার পা পাষানের উপর আছাড় না খায়. য়িশু তাহাকে কহিলেন, ইহাও লেখা আছে, যে তুমি আপন ঈশ্বর প্রভুকে পরীক্ষা করিবা না. পুনশ্চ শয়তান তাঁহাকে অতি উচ্চ পর্ব্বতের উপর লইয়া গিয়া তাঁহাকে জগতের সমস্ত রাজ্য ও তাহারদের ঐশ্বর্য্য দেখাইল, এবং তাঁহাকে কহিল, যদি তুমি ভূমিতে পড়িয়া আমাকে ভজনা করিবা, তবে আমি এ সকল তোমাকে দিব. তখন য়িশু তাঁহাকে কহিলেন, দূর যাও, শয়-তান; লেখা আছে, যে তুমি আপন প্রভু ঈশ্বরকে ভজনা করিবা, এবং তাহারি কেবল সেবা করিবা. তখন শয়তান তাঁহাকে ছাড়িয়া গেল. পরে দেখ স্বর্গীয় দূতগণ আসিয়া তাঁহার সেবা করিতে লাগিল.

## খ্রীষ্টের দুঃখভোগের স্মরণার্থে নিরূপিত সময়ে

## প্রভুর দ্বিতীয় দিবস.

### প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি জ্ঞাত আছ, যে আপনহইতে আপ-নারদের রক্ষা করণার্থে আমারদের শক্তি নাই; এতদর্থে তুমি আমার-দের রক্ষক হইয়া, আমারদের শরীরে যে২ আপদ ঘটিতে পারে, এবং জীবাত্মার মধ্যে যে২ কুচিন্তা প্রবেশ করিয়া তাহার হিংসা করিতে পারে, এই সকল দূর করিয়া আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা সর্ব্বতোভাবে আমারদিগকে রক্ষা করহ. আমেন.

পত্র. ১ তসলোনী. পর্ব্ব ৪, পদ ১.

হে ভ্রাতৃরা, প্রভু য়িশু দ্বারা আমরা তোমারদিগকে বিনতি করি ও বুঝাইয়া দি. যে আমারদিগহইতে যেমত শিক্ষিত হইয়াছ কিরূপ আচরণ ও ঈশ্বরের সন্তোষ করণ তোমারদের কর্ত্তব্য আছে, তদনুক্রমে তোমরা আর আরো বিস্তার মত করিবা. কেননা আমরা প্রভু য়িশু খ্রীষ্টের প্রস্তে তোমারদিগকে কি রূপ আজ্ঞা দিলাম, তাহা তোমরা জ্ঞাত আছ; কেননা ঈশ্বরের ইচ্ছা তোমারদের পরিষ্কৃত হওয়া, যে তোমরা পরদারহইতে ত্যজ্যমান থাক, যে তোমরা প্রত্যেক জন আপন২ আধারকে পবিত্রতায় ও সম্মানেতে রক্ষা করিতে জান, এবং ঈশ্বরকে অজ্ঞাত ভিন্ন দেশি বর্গের মত কামাভিলাষের লালসাতে নহে, যে কোন বিষয়েতে কেহ আপন ভ্রাতাকে ধূর্ত্তাম ও ঠগাম না করে; কেননা ঈশ্বর এমত লোক সকলের সমুচিত ফলদাতা আছেন, যেমত আমরা তোমারদিগকে অগ্রে কহিলাম ও প্রমাণ দিলাম. কেননা ঈশ্বর আমারদিগকে মলাচারেতে আহ্বান করেন নাই, কিন্তু পবিত্র আচরণার্থে. অতএব যে ব্যক্তি অবহেলা করে, সে মনুষ্যকে অবহেলা করে না, কিন্তু ঈশ্বরকে, যিনি আমারদিগকে আপন ধর্ম্মাত্মা ও দিয়াছেন.

মঙ্গলসমাচার. মাত্তিউ. পর্ব্ব ১৫, পদ ২১.

য়িশু সেখানহইতে প্রস্থান করিয়া সোর ও সীদোনের অঞ্চলে গেলেন. ও দেখ, সেই অঞ্চলহইতে এক জনা কনাঅনী স্ত্রী আইল, এবং তাঁহার প্রতি চেঁচাইয়া কহিল, হে প্রভো দাউদের সন্তান, আমার উপর দয়া করুন, মোর কন্যা অত্যন্ত বেদনায় কিষ্টা হইয়াছে;

কিন্তু তিনি তাহাকে কথা মাত্র ও কহিলেন না. পরে তাঁহার শিষ্যেরা আসিয়া তাঁহাকে বিনতি করিয়া কহিলেন, ইহাকে বিদায় করুণ; কেননা সে আমারদের পশ্চাৎ চেঁচাইতে থাকিতেছে. কিন্তু তিনি উত্তর দিয়া কহিলেন, আমি য়িস্রাএলের গোত্রের নিরুদ্দেশ মেষের ঠাঁই ব্যতিরেক প্রেরিত হই নাই. তখন সে স্ত্রী আসিয়া তাঁহাকে পূজা করিয়া কহিল, হে প্রভো, আমার উপকার করুন. কিন্তু তিনি উত্তর করিয়া কহিলেন, ছাওয়ালেরদের জন্য দ্রব্য লইয়া কুকুরের কাছে ফেলা বিহিত নহে. সে কহিল, সত্য, প্রভু, তত্রাপি স্বামীর মেজহইতে যে গুঁড়া গাঁড়া পড়িয়া থাকে, তাহা কুকুর সকল খায়. তখন য়িশু তাহাকে উত্তর করিয়া কহিলেন, হে নারী, তোমার বিশ্বাস বড়ই আছে; তোমার ইচ্ছা যেমত হয়, সেইমতই তোমাকে হউক; এবং সেই দণ্ডহইতে তাহার কন্যা সুস্থা হইল.

খ্রীষ্টের দুঃখভোগের স্মরণার্থে নিরূপিত সময়ে

প্রভুর তৃতীয় দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, আমরা তোমাকে কাকুতি বিনতি করিতেছি, যে তোমার নম্র দাস যে আমরা, এমন আমারদের একান্ত বাসনার প্রতি মনোযোগ করহ, এবং আমারদের শত্রুগণহইতে আমারদিগকে রক্ষা করিবার কারণ আপন তেজোযুক্ত দক্ষিণ হস্ত বিস্তার করহ. আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা এই প্রদান করহ. আমেন.

পত্র. এফিসী. পর্ব্ব ৫, পদ ১.

অতএব তোমরা প্রিয় ছাওয়ালেরদের ন্যায় ঈশ্বরের পশ্চাদ্গামী হও; এবং প্রেমেতে গতি কর, যেমত খ্রীষ্ট আমারদিগকেও প্রেম

করিয়াছেন ও সুগন্ধি হওনার্থে আপনাকে আমারদের কারণ ঈশ্বরের স্থানে এক নৈবেদ্য ও বলিদান করিয়া সমর্পণ করিয়াছেন, কিন্তু বেশ্যাগমন, কি কোন প্রকার মলাক্রিয়া, কিম্বা লালসা, ইহা বরং তোমারদের মধ্যে যেন উক্ত না হয়, যেমন পুণ্যবানেরদের উপযুক্ত হয়; পরন্তু কদর্য্য ও নির্ব্বোধালাপ এবং হাস্য কৌতুক ও না হউক, যাহা কোনক্রমে বিহিত হয় না, বরং তা না হইয়া স্তবাদি হউক. কেননা তোমরা ইহা জানহ, যে কোন বেশ্যাগামী, কি মলাচারী; কিম্বা লালস্যা যে বিগ্রহ পূজক ও আছে, ইহারদের খ্রীষ্ট ও ঈশ্বরের রাজ্যেতে কিছু অধিকার হয় না. কেহ যেন বৃথা কথাতে তোমারদিগকে ভুলায় না; কেননা এই সকল কর্ম্মের কারণ ঈশ্বরের কোপ অনাজ্ঞাবহ সন্তানেরদের উপরে আসিয়া পড়ে. অতএব তোমরা তাহারদের সহভাগী হইও না. কেননা এক কালে তোমরা অন্ধকারে ছিলা বটে, কিন্তু এখন প্রভুতে তোমরা দীপ্তিমান হইলা; অতএব দীপ্তির সন্তানানুক্রমে গতি করহ. কেননা আত্মার ফল সকল ধর্ম্ম ও যাথার্থ্য ও সত্যেতে আছে. ঈশ্বরের তোষণীয় কর্ম্ম কি, তাহা পরখাইয়া জানিতে প্রবৃত্ত এবং অন্ধকারের বিফল কর্ম্মেতে তোমরা সহভাগী হইও না, বরং তাহারদিগকে ভর্ৎসনা দেও. কেননা যে সকল কর্ম্ম তাহারা গোপনে করে, তাহার উক্তি করা লজ্জা. কিন্তু যে সকল কর্ম্ম দূষিত হয়, সে দীপ্তিতে ব্যক্ত করা যায়; কেননা যাহা ব্যক্ত করায়, তাহাই দীপ্তি. এতদর্থে তিনি কহিতেছেন, ওহে নিদ্রিত, তুমি জাগ্রত হও ও মৃত্যুহইতে গাত্রোত্থান কর, এবং খ্রীষ্ট তোমাকে দীপ্তি দিবেন.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ১১, পদ ১৪.

যিশু এক মন্দ ভূতকে বাহির করিয়া ফেলিতেছিলেন, এবং সে গোঙ্গা ছিল, তাহাতে মন্দ ভূত বাহির হইবে পরে, সে গোঙ্গা কথা কহিতে লাগিল, এবং লোক সকল অসম্ভব জ্ঞান করিল. কিন্তু তাহারদের মধ্যে কেহ কহিল, সে বঅল্‌জিবুল ভূতরাজের দ্বারা ভূত সকলকে বাহির করিয়া ফেলিতেছে. আর কেহ পরীক্ষা করিয়া আকাশহইতে একটি চিহ্ন তাঁহার স্থানে যাচিল. কিন্তু তাহারদের অনুভব জানিয়া তিনি কহিলেন, আপন বিরুদ্ধে যে২ রাজ্যের ভিন্নতা হয়, সে উচ্ছন্নে যায়, এবং ঘর প্রতি ঘরের বিপক্ষতা হইলে তাহার পতন হয়. শয়তান ও যদি আত্মবিরুদ্ধে ভিন্ন হয়, তবে তাহার অধিকার কি রূপে থাকিবে? কেননা তোমরা বল যে আমি বঅল্‌জিবুল দিয়া ভূতেরদিগকে বাহির করিয়া ফেলি. আর যদিতু আমি বঅল্‌জিবুল দিয়া ভূতেরদিগকে বাহির করিয়া ফেলি, তবে তোমার সন্তান তাহারদিগকে কাহার দ্বারা বাহির করিয়া ফেলে? অতএব সেই তোমারদের বিচারকর্ত্তা হইবে. কিন্তু যদি আমি ঈশ্বরের অঙ্গুলী দিয়া ভূত সকল বাহির করিয়া ফেলি, তবে নিঃসন্দেহে ঈশ্বরের রাজ্য তোমারদের নিকটে আসিয়াছে. যখন বলবান লোক সজ্জমান হইয়া আপন পুরী রক্ষা করে, তখন তাহার সামগ্রী সকল কুশলে থাকে; কিন্তু তাহাহইতে যিনি অধিক বলবান, তিনি যখন আসিয়া তাহাকে পরাভব করেন, তখন তাহার অস্ত্রশস্ত্র সকল, যাহাতে সে ভরসা রাখিয়াছিল, তাহা লইয়া যান ও তাহার লুটিত দ্রব্য সকল বণ্টন করিয়া দেন. যে আমার স্বপক্ষে নহে, সে আমার বিপক্ষে আছে; এবং যে আমার সহিত কুড়ায় না, সে ছড়াইয়া

ফেলে. কোন মনুষ্যহইতে মন্দ ভূত নির্গত হইলে সে শুষ্ক২ স্থান দিয়া গতি করিয়া বিশ্রামের অনুসন্ধান করে, এবং তাহা না পাইয়া বলিতেছে, যে ঘরহইতে নির্গত হইয়া আসিয়াছি, তথায় পুনশ্চ যাইব. গেলে পরে তাহা মার্জ্জিত ও চিত্রাবিচিত্র দেখিতেছে. তখন সে যাইয়া আপনাহইতে দুষ্টমতি আর সাত ভূত লইয়া তাহারা সেখানে প্রবেশ করিয়া অবস্থিতি করে; তাহাতে সে মনুষ্যের শেষ গতি প্রথম-হইতে মন্দ. এই কথা কহিতে২ সে ঘটার মধ্যে একটী স্ত্রীলোক উচ্চৈঃস্বর করিয়া তাঁহাকে বলিল, যে গর্ভ তোমাকে ধারণ করিল এবং যে স্তন তুমি পান করিলা সেই ধন্য. কিন্তু তিনি উত্তর দিলেন, যে না, বরং যে সকল ঈশ্বরের বাণী শুনে এবং তাহার পালন করে সে সকল ধন্য.

খ্রীষ্টের দুঃখভোগের স্মরণার্থে নিরূপিত সময়ে

প্রভুর চতুর্থ দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, আমরা তোমাকে কাকুতি বিনতি করিতেছি, যে আমরা আপনারদের মন্দ ক্রিয়া প্রযুক্ত দণ্ডের উপযুক্ত পাত্র হইলেও আমারদের প্রভু ও ত্রাণকর্ত্তা যিশু খ্রীষ্টের দ্বারা তোমার শান্তিদায়ক দয়াতে ও অনুগ্রহেতে ক্ষমা ও উদ্ধার পাই, ইহা প্রদান করহ. আমেন.

পত্র. গালাতী. পর্ব্ব ৪, পদ ২১.

আমাকে বল তোমরা যে ব্যবস্থার অনুগত হওনের ইচ্ছা করহ, কি ব্যবস্থার কথা শুনহ না? কেননা লিপি আছে যে অব্রাহা-

মের দুই পুত্র ছিল, একটা দাসী স্ত্রীর গর্ভে, এবং অন্যটা মুক্ত স্ত্রীর গর্ভে. আর দাসীর গর্ব্ভজাত পুত্র শরীরানুক্রমে জন্মিয়াছিল, কিন্তু মুক্তা স্ত্রীর গর্ব্ভজাত পুত্র অঙ্গীকারের গুণে. এই কথা নিদর্শনীয় আছে; কেননা ইহারা নিয়ম দ্বয় বটে, একটা সীনাই পর্ব্বতহইতে, যে দাসত্ব বন্ধনের কারণ সন্তান প্রসব করে, এইটা হাগার. কেননা এই হাগার আরব্বী দেশস্থ সীনাই পর্ব্বত আছে, এবং বর্ত্তমান য়িরোশলম, যে আপন সন্তানের সহিত দাসত্ব বন্ধনে থাকে, তাহার প্রতিরূপ আছে. কিন্তু ঊর্দ্ধস্থিত য়িরোশলম তিনি মুক্তা স্ত্রীটা, যিনি আমাসকলের মাতা আছেন. কেননা লিপি আছে, যে হে বন্ধ্যা, যে অন্তরাপত্যা ছিলা না, হৃষ্টচিত্তা হও; হে তুমি যে অপ্রসূতা ছিলা, বিকশিত হইয়া মহাধ্বনি করহ; কেননা সধবার ছাওয়ালহইতে অনাথিনীর ছাওয়ালেরা বহু অধিক হইল. অতএব হে ভ্রাতৃরা, আমরা য়িস্হাকের মত অঙ্গীকারের সন্তান আছি; কিন্তু তখনকার মত শরীরানুসারিক জাত ব্যক্তি যেমন আত্মানুসারিক জাত ব্যক্তিকে তাড়না করিল, সেই মত এখন ও আছে. কিন্তু গ্রন্থেতে কি কহে? দাসী স্ত্রীকে সপুত্রে বাহির করিয়া দেও, কেননা দাসী স্ত্রীর পুত্র মুক্তা স্ত্রীর পুত্রের সহোত্তরাধিকারী হইবেক না. অতএব হে ভ্রাতৃরা, আমরা দাসী স্ত্রীর সন্তান নহি, কিন্তু মুক্তা স্ত্রীর সন্তান.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ৬, পদ ১.

য়িশু গালিলির সাগর পার হইলেন; সে তিবেরী সাগর আছে. এবং ব্যাধিত লোকের উপর যে আশ্চর্য্য তিনি করিয়াছিলেন, তাহা দেখিয়া বড় লোকারণ্য তাঁহার পশ্চাৎ গেল. পরে য়িশু পর্ব্বতের

উপর গমন করিয়া আপন শিষ্যেরদের সহিত তথায় বসিলেন, এবং পেসাখ্ নামে য়িহুদী লোকের একটা পর্ব্ব সন্নিকট হইল. অতএব য়িশু চক্ষু উঠাইয়া মহা লোকারণ্য আপন নিকটে আসিতে দেখিয়া ফিলিপ্‌কে কহিতেছেন, ইহারদের ভোজন কারণ আমরা কোথাহই- তে রুটী কিনিব? (কিন্তু ইহা তিনি কহিলেন তাহার পরীক্ষার নিমিত্তে; কেননা আপন যে কর্ম্ম করিতে স্থির করিয়াছিলেন, তাহা তিনি জানিলেন.) ফিলিপ্ উত্তর দিলেন, যে ইহারদের কারণ যদিতু প্রত্যেক জন কিঞ্চিৎ২ লয়, তবু এক শত কাহনের রুটী হইলেও প্রতুল হইবেক না. তাঁহার এক জন শিষ্য আন্দ্রেয়া শীমন পিতরের ভাই বলিল, এক চেঙ্গড়া এখানে আছে, তাহার স্থানে পাঁচটা যবের রুটী এবং দুইটা ছোট মৎস্য আছে; কিন্তু এত লোকের মধ্যে ইহাতে কি হইবে? পরে য়িশু কহিলেন, মনুষ্যেরদিগকে বসাই- য়া দেও. সে স্থানে বিস্তর ঘাস ছিল. অতএব সে পুরুষেরা ভূমিতে বসিল; তাহারদের গণনা ন্যূনাতিরেক সহস্র পাঁচেক জন ছিল. তাহার পরে য়িশু সেই রুটী লইলেন, এবং স্তব করিয়া শিষ্যের- দিগকে বাঁটিয়া দিলেন, এবং শিষ্যেরা সেই উপবিষ্ট লোকেরদিগকে বণ্টন করিলেক, এবং মৎস্যও যত তাহারা ইচ্ছা করিল. পরে তাহারদের উদর পূর্ণ হইলে, তিনি আপন শিষ্যেরদিগকে কহিলেন, অবশিষ্ট গুঁড়াগাঁড়া সকল কুড়াইয়া একত্র কর, যেন কিছু ক্ষতি না হয়. অতএব তাহারা সমস্ত একত্র করিল, এবং সে পাঁচ যব- রুটীর গুঁড়াগাঁড়া, সেই ভুক্তলোকের ভোজন পরে যে উদ্বৃত্ত থাকিল, তাহা দিয়া দ্বাদশ ডালা পূর্ণ করিল. অতএব সে মনুষ্যেরা যখন য়িশুর এই কৃত আশ্চার্য্য দেখিল, তখন তাহারা বলিতে লাগিল, যে অবশ্য ইনি সেই ভবিষ্যদ্বক্তা যাহার জগতে আসিবার অপেক্ষাছিল.

## খ্রীষ্টের দুঃখভোগের স্মরণার্থে নিরূপিত সময়ে

## প্রভুর পঞ্চম দিবস.

### প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, আমরা তোমাকে কাকুতি বিনতি করিতেছি, যে দয়া পূর্ব্বক আপন লোকেরদের উপর দৃষ্টি করহ, তাহাতে তোমার অতিশয় অনুগ্রহানুসারে তাহারদের শরীর ও জীবাত্মা এই উভয় নিত্য২ যেন শাসিত ও রক্ষিত হয়. আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা এই প্রদান করহ. আমেন.

### পত্র. এব্রী. পর্ব্ব ৯, পদ ১১.

খ্রীষ্ট বিনা হস্তে নির্ম্মিত, অর্থাৎ এই সৃষ্টির বহির্ভূত আর বড়তর ও সিদ্ধতর তাম্বুতে ভবিষ্যদ্দ্‌ বিষয়ের মহাযাজক হইয়া আমারদের কারণ অনন্ত মুক্তির প্রাপ্তি করিয়া ছাগের কিম্বা বাছুরের রক্ত না দিয়া আপনার রক্তের দ্বারা পুণ্য স্থানেতে একবারে প্রবেশ করিলেন. কেননা যদিত্তু বৃষাদি ও ছাগাদির রক্ত এবং বৎসের ভস্ম অপবিত্র জনের উপর ছিটাইয়া দিলে শরীরের শোধন ভাবেতে পবিত্র করায়, তবে খ্রীষ্ট যিনি অনন্ত আত্মার দ্বারা ঈশ্বরের প্রতি আপনাকে নিরখুঁত রূপে উৎসর্গ করিলেন, তাঁহার রক্ত তোমারদের অন্তঃকণকে জীয়ন্ত ঈশ্বরের সেবা করণার্থ কতোধিকে পবিত্র করাইবে? পরন্তু ইহার কারণ তিনি নূতন নিয়মের মধ্যস্থ হইয়াছেন, যে পূর্ব্ব নিয়মের লঙ্ঘনাপরাধ মোচনার্থে মৃত্যুযোগে, যাহারা আহ্বানিত হয়, তাহারা অনন্ত অধিকারের অঙ্গীকার যেন প্রাপ্ত হয়.

য়িশু কহিলেন, তোমারদের কোন্ জন আমার পাপ প্রতিপন্ন করি-
য়া দেখাইতে পারে? এবং সত্য যদি বলি, তবে আমাকে কেন
প্রত্যয় কর না? যে ঈশ্বরহইতে হয়, সে ঈশ্বরের কথা শুনে;
তোমরা ঈশ্বরহইতে নহ, এই জন্যে তোমরা শুনহ না. তখন
য়িহূদীয়েরা প্রত্যুত্তর করিয়া তাঁহাকে কহিল, আমরা বিহিত কহি
কি না, যে তুমি শমরোণী এবং ভূতগ্রস্ত আছ? য়িশু উত্তর
করিলেন, আমি ভূতগ্রস্ত নহি, কিন্তু আপন পিতার সম্মান
করি, এবং তোমরা আমার অপমান করহ. আমি আপন
গৌরবের অনুসন্ধান করি না, একটা আছেন যিনি অনুসন্ধান করেন
এবং বিচার ও করেন. সত্য ২ আমি কহি তোমারদিগকে, কোন
মনুষ্য যদি আমার কথা পালন করে, সে মৃত্যুকে কখন দেখিবে না.
তখন য়িহূদীয়েরা বলিল, এখন আমরা জানি যে তুমি ভূতগ্রস্ত বট;
অব্রাহাম এবং ভবিষ্যদ্বক্তারা মরিয়াছে; তথাপি তুমি কহিতেছ,
যদি কোন মনুষ্য আমার কথা পালন করে, সে মৃত্যুর আস্বাদন
কখন পাইবেক না. তুমি কি আমারদের পিতৃ অব্রাহামহইতে
মহৎ? তিনি ও মরিয়াছেন, এবং ভবিষ্যদ্বক্তারাও মরিয়াছেন;
তুমি আপনাকে কি করিয়া মান? য়িশু প্রত্যুত্তর করিলেন, যদি আপ-
নার মর্য্যাদা আপনি করি, তবে আমার মর্য্যাদা কিছু নয়; আমার
পিতা যাহাকে তোমরা আপনারদের ঈশ্বর করিয়া বল, তিনিই
আমাকে মর্য্যাদা করেন. তথাপি তাঁহাকে তোমরা জান না; কিন্তু
আমি তাঁহাকে জানি. যদি আমি বলি যে তাঁহাকে জানি না, তবে
আমি তোমারদের মত মিথ্যাবক্তা হইব; কিন্তু আমি তাঁহাকে জানি,

এবং তাঁহার কথা পালন করি. তোমারদের পিতৃ অব্রাহাম আমার সময় দেখিতে বহু আকিঞ্চন করিল, এবং তাহা দেখিল ও আনন্দিত হইল. তখন য়িহুদীয়েরা তাঁহাকে বলিল, তোমার বয়ঃক্রম অদ্যাপি পঞ্চাশ বৎসর হয় নাই, তথাপি তুমি অব্রাহামকে কি দেখিয়াছ? য়িশু তাহারদিগকে কহিলেন, সত্যং আমি কহি তোমারদিগকে, অব্রাহামের বর্ত্তমান পূর্ব্বে আমি আছি. তখন তাহারা পুস্তর উঠাইয়া তাঁহার উপর ফেলিয়া দিতে উদ্যত হইল. কিন্তু য়িশু আপনাকে গুপ্ত করিলেন, এবং তাহারদের মধ্যে দিয়া গতি করিয়া মন্দিরের বাহির হইয়া পুস্থান করিলেন.

পেসাখ্ পর্ব্ব,

অর্থাৎ খ্রীষ্টের পুনরুত্থানের স্মরণার্থ

দিবসের পূর্ব্ব পুভুর দিবস.

পুার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও আদ্যন্তরহিত ঈশ্বর, তুমি মনুষ্যেরদিগকে একান্ত রূপে পুেম করিয়া, তাহারা যেন তোমার পুত্র আমারদের ত্রাণকর্ত্তা য়িশু খ্রীষ্টের অতিশয় নমুতার দৃষ্টান্তানুবর্ত্তী হয়, এই নিমিত্তে মনুষ্যের শরীরাদি ধারণ করিতে ও ক্রুশের উপর পুাণত্যাগ করিতে তাঁহাকে পুেরণ করিলা. আমারদের পুভু য়িশু খ্রীষ্টের দ্বারা দয়া করিয়া এই পুদান করহ, যে আমরা তাঁহার ক্ষান্তির দৃষ্টান্তানুবর্ত্তী হইয়া তাঁহার পুনরুত্থানের সহভাগী হই. আমেন.

পত্র. ফিলিপী. পর্ব্ব ২, পদ ৫.

তোমারদিগের সেই মন হউক যে য়িশু খ্রীষ্টেতে ছিল যিনি ঈশ্বরের স্বরূপ হইয়াও ঈশ্বরের সমান হওয়া চৌর্য্য জ্ঞান করিলেন না, কিন্তু মনুষ্যরূপীকৃত হইয়া দাসের বেশ ধারণ করিয়া আপনাকে হীন করিলেন; এবং আকৃতিতে মনুষ্য রূপে ঠাহরা গিয়া তিনি আপনাকে নম্র করিয়া মৃত্যু, বরং ক্রুশের মৃত্যু পর্য্যন্ত আজ্ঞাবহ হইলেন. সে নিমিত্তে ঈশ্বর তাঁহাকে সর্ব্বোত্তম পদেতে উন্নত করিয়াছেন, এবং সকল নামহইতে বড় নাম তাঁহাকে দিয়াছেন, যে য়িশুর নামেতে স্বর্গস্থ ও পৃথিবীস্থ ও পৃথিবীর নীচস্থ সকলে হাঁটু যেন পাড়ে, এবং ঈশ্বর পিতার গৌরবার্থে সকল জিহ্বা যেন স্বীকার করে, যে য়িশু খ্রীষ্ট তিনি প্রভু আছেন.

মঙ্গলসমাচার. মাতিউ. পর্ব্ব ২৭, পদ ১.

রাত্রি প্রভাত হইলে পরে, প্রধান যাজকেরা ও লোকেরদের প্রাচীনেরা য়িশুকে বধ করিতে তাঁহার বিপক্ষে মন্ত্রণা করিতে লাগিল, এবং বাঁধিলে পরে, তাঁহাকে লইয়া গিয়া পন্তিয়স পীলাত রাজ্যকর্ত্তার স্থানে সমর্পণ করিল. কিন্তু য়িহুদা যে বিশ্বাস ঘাতকী করিয়া তাঁহাকে ধরাইয়াছিল, যখন সে দেখিল যে তাঁহার দণ্ডের নিশ্চয় হইয়াছে, তখন সে সখেদ হইয়া ঐ ত্রিশ খান রূপা প্রধান যাজক ও প্রাচীন লোকেরদের স্থানে পুনশ্চ আনিয়া দিয়া কহিল, আমি পাপ করিয়াছি; কেননা আমি বিশ্বাস ঘাতকী করিয়া নিষ্পাপী রক্ত সমর্পণ করিয়াছি. তখন তাহারা উত্তর করিল, যে তাহাতে আমারদের কি? তুমি তাহা বুঝ. তখন সেই ত্রিশ খান রূপা মন্দিরের মধ্যে

ফেলাইয়া দিয়া সে পুস্থান করিল, এবং যাইয়া আপনাকে ফাসী দিল. পরে পুধান যাজকেরা সেই রুপা খান সকল উঠাইয়া লইয়া কহিল, এ সকল ভাণ্ডারে রাখা কর্ত্তব্য নহে, কেননা সে রক্তের মূল্য. অতএব তাহারা মন্ত্রণা করিয়া বিদেশি লোকেরদের কবরস্থানার্থে তাহা দিয়া কুম্ভকারের ক্ষেত্র ক্রয় করিল. এতদর্থে সেই ভূমি আজি পর্য্যন্ত রক্তক্ষেত্র কহায়. তখন তাহা পূর্ণ হইল যে ভবিষ্যদ্বক্তা-হইতে উক্ত ছিল, যে তাহারা ত্রিশ খান রুপা সেই বিক্রীত জনের মূল্য, যাহাকে য়িশ্রাএলের সন্তানেরা বিক্রয় করিল, তাহা লইয়া কুম্ভকারের ক্ষেত্রের কারণ দিল, যেমত পুভু আমার স্থানে নিরূপণ করিয়াছিলেন. তখন য়িশু রাজ্যকর্ত্তার সাক্ষাতে দাঁড়াইয়া থাকিলেন, এবং রাজ্যকর্ত্তা তাঁহাকে জিজ্ঞাসা করিয়া কহিলেন, তুমি নাকি য়িহুদীয়েরদের রাজা? য়িশু তাঁহাকে কহিলেন, তুমি কহিয়াছ. পরে যখন পুধান যাজক ও পুাচীনগণ তাঁহার অপবাদ করিতে লাগিল, তখন তিনি কিছু উত্তর দিলেন না. অতএব পীলাত তাঁহাকে কহি-লেন, ইহারা কত অপবাদ তোমার পুতি সাক্ষী দেয়, তুমি কি শুনহ না? কিন্তু তিনি এক কথার উত্তরও দিলেন না. তাহাতে রাজ্য-কর্ত্তা বড়ই আশ্চর্য্য মানিলেন. নিয়মানুসারে সেই পর্ব্বের সময়ে রাজ্যকর্ত্তা এক জন বন্দী যাহাকে লোকেরা চাহিত, তাহাকে মুক্ত করিয়া তাহারদের স্থানে ছাড়িয়া দিতেন. এবং সেই সময়ে তাহার এক জন বরাব্বা নামে বড়ই বিখ্যাত বন্ধিয়ান্ ছিল. অতএব তাহারা একত্র হইলে পীলাত তাহারদিগকে কহিলেন, আমি কাহাকে তোমারদের স্থানে মুক্ত করিয়া ছাড়িয়া দিব, কি বরাব্বাকে, কিম্বা য়িশু-কে যাহাকে খ্রীষ্ট বলে, তোমারদের ইচ্ছা কি? কেননা তিনি জানি-

লেন, যে তাহারা ঈর্ষা ভাবেতে তাঁহাকে সমর্পণ করিয়াছিল. এবং যখন তিনি বিচার আসনে বসিয়াছিলেন, তখন তাঁহার স্ত্রী তাঁহাকে কহিয়া পাঠাইলেক, যে তুমি সেই প্রাকৃতার্থিক ব্যক্তির কিছুই করিও না; কেননা আজি আমি স্বপ্নের মধ্যে তাহার বিষয়ে বহু প্রকার দুঃখ পাইয়াছি. কিন্তু প্রধান যাজকেরা ও প্রাচীনেরা লোকারণ্যকে বুঝাইল, যে তাহারা বরাব্বাকে চাহে ও য়িশুকে নষ্ট করে. রাজ্যকর্ত্তা তাহারদিগকে উত্তর করিয়া কহিলেন, এ দুয়ের মধ্যে আমি কাহাকে তোমারদের স্থানে মুক্ত করিয়া ছাড়িয়া দিব, তোমারদের ইচ্ছা কি? তাহারা কহিল, বরাব্বাকে. পীলাত তাহারদিগকে কহিলেন, তবে য়িশু যাহাকে খ্রীষ্ট করিয়া বলে, তাহাকে আমি কি করিব? তাহারা সকলেই বলিল, যে তাহাকে ক্রূশ দেওয়া যাউক. তখন রাজ্যকর্ত্তা কহিলেন, কেন? সে কি মন্দ করিয়াছে? কিন্তু তাহারা আরও চেঁচাইতে লাগিল, যে তাহাকে ক্রূশ দেওয়া যাউক. যখন পীলাত দেখিলেন, যে তিনি কিছু করিতে পারিলেক না, বরং গোলমাল হইতে লাগিল, তখন জল লইয়া তিনি লোকারণ্যের সাক্ষাতে আপনার হাত ধুইয়া কহিলেন, আমি এই প্রাকৃতার্থিক ব্যক্তির রক্তেতে নিরপরাধী আছি; তোমরাই তাহা বুঝহ. তখন লোক সকল উত্তর করিয়া কহিলেক, তাহার রক্ত আমারদের উপর ও আমারদের সন্তানেরদের উপর বর্ত্তুক. তখন সে তাহারদের স্থানে বরাব্বাকে মুক্ত করিয়া ছাড়িয়া দিল, এবং য়িশুকে কোড়া মারাইয়া তাঁহার ক্রূশ হওনের কারণ সমর্পণ করিল. তখন রাজ্যকর্ত্তার সেনাগণ য়িশুকে বিচার দালানে লইয়া গেল, এবং তাঁহার নিকটে সেনার যঠা সমূহ একত্র করিল. পরে তাঁহার বস্ত্র

খসাইয়া লইয়া তাঁহার উপর তাহারা এক রক্ত বর্ণের রাজবস্ত্র পরাই-
য়া দিল. এবং এক কাঁটার মুকুট বানাইয়া তাঁহার মস্তকে রাখিল
ও তাঁহার দক্ষিণ হাতে বেত দিল. পরে তাঁহার সম্মুখে হাঁটু পাড়ি-
য়া তাঁহাকে, হে য়িহুদীয়েরদের রাজন্ নমস্কার ২, বলিয়া পরিহাস
করিতে লাগিল. পরে তাঁহার উপর থুক ফেলিয়া দিয়া তাঁহার মস্ত-
কে তাহারা বেত মারিল. এবং তাঁহাকে তিরস্কার করিলে পরে,
তাঁহাহইতে সেই রাজবস্ত্র খসাইল, এবং নিজ পরিচ্ছদ পরাইয়া
তাঁহাকে ক্রুশেতে চড়াইয়া দিতে তাঁহাকে লইয়া গেল. পরে বাহিরে
যাইতে২ তাহারা শীমন নামে এক কিরেণি মনুষ্যের সাক্ষাৎ পাইয়া
তাহাকে তাঁহার ক্রুশ বহিয়া লইয়া যাইতে বেগার ধরিল. অনন্তর
গল্গতা নামে এক স্থান, অর্থাৎ মাথাগুলী স্থান, সেইখানে পোঁছিলে
পরে, তাহারা তাঁহাকে পিত্তেতে মিশ্রিত ছিরকা পান করিতে দিল;
কিন্তু তাহা চাকিয়া তিনি পান করিতে চাহিলেন না. তখন তাহারা
তাঁহাকে ক্রুশেতে চড়াইয়া এবং গুলীবাঁট করিয়া তাঁহার পরিচ্ছদ
ভাগ২ করিয়া লইল, সেই কথা যেন পূর্ণ হয় যে ভবিষ্যদ্বক্তার দ্বারা
উক্ত ছিল, যে আমার বস্ত্র আপনারদের মধ্যে পরিবর্ত্তন করিল,
এবং আমার জামার কারণ গুলীবাঁট করিল. পরে তাহারা সেই-
খানে বসিয়া তাঁহার প্রহরিতে থাকিল. এবং তাঁহার মস্তকের
উপর তাঁহার অপবাদের লেখন লাগাইয়া দিল, যে এই য়িশু
য়িহুদীয়েরদের রাজা. এবং দুই চোর তাঁহার সঙ্গে ক্রুশেতে চড়ান
গেল, এক জন দক্ষিণ পার্শ্বে, ও অন্য জন বাম পার্শ্বে. এবং পথ-
গামি সকল তাঁহাকে তিরস্কার করিতে লাগিল; তাহারা আপনারদের
মস্তক লাড়িয়া কহিল, ওরে মন্দিরের নাশক ও তাহার তিন দিনের

মধ্যে নির্ম্মাণকারক তুই আপনার রক্ষা করিস; যদি ঈশ্বরের পুত্র হইস, তবে ক্রুশহইতে নামিস. এবং প্রধান যাজকেরাও পরিহাস করিয়া অধ্যাপক ও প্রাচীন লোকের সহিত বলিতে লাগিল, সে অন্যেরদিগকে পরিত্রাণ করিল, আপনার পরিত্রাণ করিতে পারে না; যদি সে য়িশ্রাএলের রাজা হয়, তবে সে ক্রুশহইতে এখন নামুক, ও আমরা তাহাকে প্রত্যয় করিব. সে ঈশ্বরেতে বিশ্বাস করিল, এখন তো উনি তাহার উদ্ধার করুন, যদি তাহাকে রাখিতে ইচ্ছা করেন; কেননা সে কহিল, যে আমি ঈশ্বরের পুত্র. এবং যে চোরেরা তাঁহার সঙ্গে ক্রুশেতে চড়ান গেল, তাহারাও তাঁহাকে সেই রূপ নিন্দা করিতে লাগিল. পরে দুই প্রহর অবধি তিন প্রহর পর্য্যন্ত দেশ সমুদায় অন্ধকারাবৃত হইল. এবং তিন প্রহর সময়ে য়িশু উচ্চৈঃস্বরে চেঁচাইতে লাগিলেন, এলী২, লামা শবক্থানী, অর্থাৎ হে আমার ঈশ্বর, হে আমার ঈশ্বর, তুমি কেন আমাকে ছাড়িয়া গিয়াছ? ইহা সেখানে উপস্থিত লোকেরদের কেহ২ শুনিয়া কহিল, এই মনুষ্য এলিয়াকে ডাকিতেছে. এবং তাহারদের এক জন শীঘ্র দৌড়িয়া এক টুকী স্পঞ্জ লইয়া ছিরকার ভরিয়া দিয়া তাহা এক বেতের অগ্রভাগে লাগাইয়া তাঁহাকে পান করিতে দিল. অন্য সকল কহিল, থাক্২, এলিয়া তাহাকে পরিত্রাণ করিতে আসিবেন কি না, আমরা দেখি. য়িশু পুনর্ব্বার উচ্চৈঃশব্দে চেঁচাইয়া প্রাণ ত্যাগ করিলেন. তখন দেখ মন্দিরের পরদা উপরহইতে নামো পর্য্যন্ত ফাটিয়া দুইখান হইল, ও ভূমি কাঁপিতে লাগিল, ও পর্ব্বত ফাটিয়া গেল, এবং কবরস্থান উদলা হইয়া গেল, ও অনেক নিদ্রিত পুণ্যবানেরদের দেহ উঠিল. এবং য়িশুর পুনরুত্থানের পরে কবরহইতে বাহিরাইয়া পুণ্য নগরে গিয়া

অনেকেরদের স্থানে দেখা দিল. ইহার মধ্যে সে শতসেনারপতি ও তাহার সমিভ্যারিরা যে য়িশুর পুতি পুহরী ছিল, তাহারা সেই ভূমিকম্প ও যে২ কর্ম্ম হইয়াছে তাহা যখন দেখিল, তখন তাহারা বড় ভীত হইয়া কহিতে লাগিল, সত্য বটে, এই ঈশ্বরের পুত্র ছিলেন.

পেসাখ্ পর্ব্বের পূর্ব্ব সোমবার.

পত্রের বদলে. য়িশাইয়া. পর্ব্ব ৬৩, পদ ১.

এদোমহইতে আসিতেছেন, রক্তীকৃত বস্ত্রে পরিধিত হইয়া বস্রাহইতে আসিতেছেন, ও বিভূষণে ঐশ্বর্য্যবান হইয়া আপন বলের মহত্ত্বে গমন করিতেছেন যিনি তিনি কে? তিনিই আমি যাথার্থ্যানুসারে পুচারকারী ও পরিত্রাণ করিতে শক্তিমান. তোমার বস্ত্র রাঙ্গা, ও তোমার বেশ দ্রাক্ষাচাপ্দলকের মত কেন? আমি দ্রাক্ষাচাপ্ একাকী দলিয়াছি, এবং লোকেরদের মধ্যে কেহ আমার সহিত ছিল না; আমি ক্রুদ্ধ হইয়া তাহারদিগকে দলিলাম, এবং জ্বলন্ত কোপান্বিত হইয়া আমি তাহারদিগকে চেপ্টা করিলাম; তাহারদের রক্ত আমার বস্ত্রের উপর ছিটান গেল; অতএব আমি আপন সকল বস্ত্রকে রাঙ্গা করিলাম. কেননা পুতিফল দেওনের দিন আমার অন্তঃকরণে ছিল, এবং আমার মুক্ত লোকেরদের বৎসর আসিয়াছিল. এবং আমি দৃষ্টি করিয়া দেখিলাম যে উপকার করিতে কেহ নাই, এবং আশ্চর্য্য জ্ঞান করিলাম যে ধারণ করিতে কেহ নাই. এই নিমিত্তে আমার স্ববাহু আমার কারণ পরিত্রাণ নিষ্পন্ন করিল, এবং আমারই ক্রোধ আমাকে ধরিল. এবং আমি ক্রুদ্ধ হইয়া লোকেরদিগকে দলিলাম, এবং জ্বলন্ত কোপান্বিত হইয়া আমি তাহারদিগকে মত্ত

করিলাম, এবং তাহারদের রক্ত আমি মৃত্তিকায় ফেলিলাম. য়িহুহার দয়া আমি স্মরণ করাইব; য়িহুহা আমারদিগকে যে২ মঙ্গল দিয়াছেন; তদনুসারে আমি য়িহুহার স্তব স্তুতি করিব, এবং আপনার প্রীতি ও অতিশয় দয়ানুসারে যে বড় অনুগ্রহ তিনি য়িশ্রাএলের বংশেরদিগকে করিয়াছেন, তাহা আমি স্মরণ করাইব; কেননা তিনি বলিলেন, অবশ্য তাহারা আমার লোক, শিশুরা যে বঞ্চনা করিবে না; এই নিমিত্তে তিনি তাহারদের ত্রাণকর্ত্তা হইলেন. তাহারদের দুঃখ সকলে তিনিও দুঃখগ্রস্ত ছিলেন, এবং তাঁহার সাক্ষাৎবর্ত্তি দূত তাহারদিগকে পরিত্রাণ করিলেন; আপনার স্নেহেতে ও প্রসন্নতায় তিনি তাহারদিগকে মুক্ত করিলেন, এবং তাহারদিগকে উন্নত করিয়া পূর্ব্বকালের সকল দিন বহিলেন. কিন্তু তাহারা তাঁহার কর্ত্তৃত্ব অতিক্রম করিল, ও তাঁহার ধর্ম্মাত্মাকে বিমর্ষ করিল? তাহাতে তিনি পরিবর্ত্ত হইয়া তাহারদের শত্রু হইলেন; তিনি আপনি তাহারদের সহিত যুদ্ধ করিতে লাগিলেন. কিন্তু তাহার পরে তিনি পূর্ব্বকালের দিন, অর্থাৎ মোশের ও আপনার লোকেরদের স্মরণ করিলেন. যিনি সমুদ্র হইতে তাঁহার পালের রক্ষকের সহিত তাহারদিগকে আনিলেন, তিনি কোথায়? তাহার অন্তরে যিনি আপনার ধর্ম্মাত্মাকে দিলেন, যিনি মোশের দক্ষিণ হস্তে উপস্থিত হইয়া আপনার তেজোযুক্ত বাহুর দ্বারা তাহারদিগকে গতি করাইলেন, এবং অনন্তকাল স্থায়ি নাম প্রাপ্ত্যর্থে তাহারদের সম্মুখে জল দুই ভাগ করিলেন, তিনি কোথায়? মাঠে ধাবমান ঘোড়ার মত তাহারদিগকে উছোট খাইতে না দিয়া যিনি গভীর স্থান দিয়া গতি করাইলেন, তিনি কোথায়? নীচস্থানে নামিতে পশু যেমন আস্তে২ গমন করে, তেমনি অক্লেশে য়িহুহার

আত্মা তাহাকে গতি করাইলেন; তেমন তেজোযুক্ত নাম প্রাপ্ত্যর্থে তুমি আপন লোকেরদিগকে গতি করাইয়াছ. স্বর্গহইতে তুমি দৃষ্টি-পাত করহ, আপন পুণ্য ও তেজোময় বসতিহইতে দর্শন করহ. তোমার যত্ন ও তোমার শক্তি কোথায়? তোমার একান্ত দয়া ও করু-ণা আমার প্রতি কি বাধিত আছে? যদিতু অব্রাহাম আমার-দিগকে জানিত না, এবং য়িশ্রাএল আমারদিগকে স্বীকার করিত না, তবু অবশ্য আমারদের পিতা তুমিই আছ; হে য়িহুহা, তুমি আমার-দের পিতা; আমারদের ত্রাণকর্ত্তা, ইহা পূর্ব্বকালহইতে তোমার নাম আছে. হে য়িহুহা, আমারদিগকে কি কারণ তোমার পথ ছাড়িয়া ভ্রমণ করিতে দিয়াছ? তুমি আমারদিগকে আপনারদের অন্তঃকরণ কঠিন করিয়া তোমার নির্ভয় হইতে কি কারণ দিয়াছ? তুমি আপনার দাসেরদের নিমিত্তে, অর্থাৎ তোমার অধিকাররূপ গোষ্ঠীরদের নিমিত্তে ফিরিয়া আইস. তোমার পুণ্য লোক অল্পকাল মাত্র তোমার পুণ্য দেশের অধিকার করিয়াছে, আমার শত্রুগণ তাহা দলিয়া ফেলিয়াছে. যাহারদের উপর তুমি কখনও কর্ত্তৃত্ব কর না, এবং যাহারা তোমার নামেতে বিখ্যাত নহে, তাহারদের মত আমরা হইয়াছি.

মঙ্গলসমাচার. মার্ক. পর্ব্ব ১৪, পদ ১.

দুই দিবসের পরে পেসখ্ ও অখমীরী রুটির পর্ব্ব হইল; তাহাতে প্রধান যাজকেরা ও অধ্যাপকেরা অনুসন্ধান করিতে লাগিলেন, যে কিরূপে ছল করিয়া তাঁহাকে ধরিয়া বধ করিতে পারে. কিন্তু তাহারা কহিল, যে পর্ব্ব সময়ে নয়, পাছে লোকেরদের গোলমাল হয়. পরে বেতানিয়ায় শীমোন কুষ্ঠির ঘরে থাকিয়া তিনি ভোজনে উপবিষ্ট

হইলে এক স্ত্রীলোক অতি দুর্লভ জটামাংশী তৈলেতে পূর্ণ মরমরী পুস্তরের এক কৌটা সঙ্গে লইয়া সেখানে আইল, এবং কৌটা ভাঙ্গিয়া তাঁহার মস্তকে ঢালিয়া দিল. তাহাতে কেহ২ আপন অন্তরে বিরক্ত হইয়া কহিতে লাগিল, সে ও তৈলের এমত অপব্যয় কেন হইল? সে তিন শত সুকিহইতে অধিক মূল্যে বিক্রীত হইয়া দরিদ্র লোকেরদিগকে বিতরণ হইতে পারিত; এবং তাঁহার প্রতি তাহারা কচকচ করিতে লাগিল. তখন যিশু কহিলেন, তাহাকে থাকিতে দেও; তাহাকে কেন ব্যস্ত করিতেছ? সেই আমার উপর একটা সুকর্ম্ম করিয়াছে. কেননা দরিদ্রেরা সতত তোমারদের নিকটে থাকে, এবং যখন ইচ্ছা কর, তখন তোমরা তাহারদের উপকার করিতে পার; কিন্তু আমি তোমারদের নিকট সতত থাকি না. যে কিছু তাহার সাধ্য ছিল, তাহা করিয়াছে; সেই আমার কবরে দেওনার্থে আমার শরীর মর্দ্দন করিতে পূর্ব্বেই আসিয়াছে. সত্য আমি তোমারদিগকে কহি, সমুদায় জগত পর্য্যন্ত যেং স্থানে এই মঙ্গলসমাচার প্রচার হইবে, সেই২ স্থানে যাহা এই স্ত্রীলোক করিয়াছে, তাহাও তাহার স্মরণার্থে উক্ত হইবে. অনন্তর য়িহোদা স্খারিওটা দ্বাদশটার মধ্যে এক জন সে তাঁহাকে প্রধান যাজকেরদের স্থানে ধরাইয়া দিবার কারণ তাহারদের নিকটে গেল. এবং তাহা শুনিয়া তাহারা আনন্দিত হইল, ও তাহাকে টাকা কড়ী দিতে অঙ্গীকার করিল, এবং সে তাঁহাকে সুযোগ মত ধরাইয়া দিতে অনুসন্ধান করিতে লাগিল. পরে অখমীরী রুটির প্রথম দিবসে, যখন পেসাখ্ মারা যায়, তখন তাঁহার শিষ্যেরা তাঁহাকে কহিলেক, যে আমরা আপনকার পেসাখ্ খাইবার কারণ কোন্ স্থানে যাইয়া প্রস্তুত করিতে আপনকার অভিমত কি? তখন

তিনি আপন শিষ্যগণের মধ্যে দুই জনকে এই কথা কহিয়া পাঠাই লেন, যে তোমরা নগরের মধ্যে যাও, তাহাতে এক ঘড়া জল বহা এক জনের সাক্ষাৎ পাইবা; তাহার পশ্চাৎ চল; এবং যেখানে সেই জন প্রবেশ করিবে, সেই গৃহের কর্ত্তাকে কহিবা, যে গুরু কহিতেছেন, আমি আপনকার শিষ্যেরদের সঙ্গে যেখানে পেসাখ্ খাইব, সে ভোজনশালা কোথায়? তখন সে তোমারদিগকে বড় এক উপর-দালান সজ্জমান ও প্রস্তুত দেখাইয়া দিবে; সেখানে আমারদের কারণ প্রস্তুত করিবা. অতএব তাহার শিষ্যেরা প্রস্থান করিয়া নগরে আসিয়া, তিনি তাহারদিগকে যেমত কহিয়াছিলেন, সেই মত তাহারা পাইল; এবং তাহারা পেসাখ্ প্রস্তুত করিল. পরে সায়ংকালে তিনি দ্বাদশটার সঙ্গে আইলেন. এবং তাহারা বসিয়া ভোজন করিতে২ য়িশু কহিতে লাগিলেন, সত্য আমি তোমারদিগকে কহি, তোমারদের মধ্যে এক জন যে আমার সঙ্গে খাইতেছে, সে আমাকে পর-হস্তগত করিবে. তখন তাহারা উদ্বিগ্ন হইয়া তাঁহাকে একে২ বলিতে লাগিল, যে সে কি আমি? সে কি আমি? তিনি তাহারদিগকে উত্তর করিয়া কহিলেন, সে দ্বাদশটার মধ্যে এক জন যে আমার সঙ্গে থালেতে হাত দিতেছে. মনুষ্য পুত্র যেমত তাঁহার বিষয়ে লিপি আছে, তদনুসারে অবশ্য যান; কিন্তু যাহার দ্বারাতে মনুষ্য পুত্র পরহস্তগত হয়, সেই মনুষ্যের পরিত্রাহি হইবে; সে জনের ভাগ্যে বরঞ্চ তাহার জন্ম না হওয়া ভাল হইত. পরে তাহারা খাইতে২ য়িশু রুটি লইলেন ও আশীর্ব্বাদ করিয়া তাহা ভাঙ্গিলেন এবং তাহারদিগকে দিয়া কহিলেন, লও, খাও, এই আমার শরীর. পরে তিনি বাটিটা ধরিলেন এবং স্তব করিয়া তাহারদিগকে দিলেন

ও তাহারা সকলি তাহাতে পান করিলেক. তখন তিনি তাহারদিগে-
কে কহিলেন, এই আমার সেই নূতন নিয়মের রক্ত যে অনেকের
কারণ পাত হইয়াছে. নিতান্ত আমি তোমারদিগকে কহি, আমি
দ্রাক্ষার রস আরবার পান করিব না, যদ্দিবস পর্য্যন্ত আমি ঈশ্বরের
রাজ্যে তাহা নূতন না খাই. অনন্তর এক গীত গাইলে পরে তাঁহারা
বাহিরাইয়া জৈতুন পর্ব্বতে গেলেন. পরে য়িশু তাহারদিগকে বলি-
তে লাগিলেন, এই রাত্রি তোমরা সকল আমার বিষয়ে ঠেষ খাইবা;
কেননা লিপি আছে যে আমি মেষ রক্ষককে মারিব, এবং মেষ সকল
ছিন্নভিন্ন হইয়া যাইবে. কিন্তু আমার উত্থান হইলে পরে আমি
তোমারদের অগ্রে গালিলিতে যাইব. কিন্তু পিতর বলিতে লাগিল,
যদিতু সকলি ঠেষ খায়, তথাচ আমি খাইব না. তখন য়িশু
তাহাকে কহিলেন, সত্য আমি তোমাকে কহি, যে অদ্যই এই রাত্রির
মধ্যে কুকুড়া দুইবার বাঁক দিবার পূর্ব্বে তুমি তিনবার আমাকে অস্বী-
কার করিবা. কিন্তু সে ততোধিকে একান্ত মত বলিতে লাগিল, যদি
আমি তোমার সঙ্গে মরি, তবু আমি কোন ক্রমে তোমাকে অস্বীকার
করিব না. তদনুরূপে তাহারা সকলি বলিল. পরে তাহারা গেত্-
সেমনে নামে এক স্থানে আসিয়া তিনি আপন শিষ্যেরদিগকে বলি
লেন, তোমরা এখানে বসিয়া থাক, যাবৎ আমি প্রার্থনা করি. এবং
পিতর ও য়াকুব ও য়োহনকে সঙ্গে লইয়া গিয়া তিনি অত্যন্ত বিস্মিত ও
ব্যাকুল চিত্ত হইতে লাগিলেন; এবং তাহারদিগকে কহিলেন,
আমার প্রাণ মৃত্যু পর্য্যন্ত শোকাবৃত হইয়াছে; তোমরা এখানে জাগ্রত
হইয়া থাক. পরে কিঞ্চিৎ দূরে অগ্রসার হইয়া তিনি ভূমিতে উবুড়
হইয়া পড়িলেন ও প্রার্থনা করিতে লাগিলেন, যে তাহা যদিতু

হইতে পারে, তবে এই সময় আমাহইতে যেন খণ্ডিয়া যায়. কহি-
লেন, হে আব্বা পিতঃ, সকলি তোমার সাধ্য; এই বাটী আমার
নিকটহইতে দূর কর; তথাপি আমার ইচ্ছামত না হইয়া তোমার
ইচ্ছা যাহা তাহাই হউক. পরে তিনি আসিয়া তাহারদিগকে নিদ্রিত
পাইয়া পিতরকে কহিলেন, হে শীমোন, তুমি নাকি শয়ন করিতেছ?
তুমি কি এক দণ্ড মাত্র সচেতন থাকিতে পারিলা না? সচেতন থাকি-
য়া প্রার্থনা করহ, যেন পরীক্ষার মধ্যে তোমারদের প্রবেশ না হয়;
আত্মাটা উদ্যুক্ত বটে, কিন্তু শরীরটা অসক্ত. এবং পুনর্ব্বার তিনি
যাইয়া পূর্ব্ব স্বরূপ কথা কহিয়া প্রার্থনা করিতে লাগিলেন. পরে তিনি
ফিরিয়া আসিয়া তাহারদিগকে নিদ্রিত পাইলেন; কেননা তাহার-
দের চক্ষু ভারি ছিল, এবং তাঁহাকে কি উত্তর দিবে, তাহারা বুঝি-
তে পারিল না. অতঃপরে তিনি তৃতীয় বার আসিয়া তাহারদিগকে
কহিলেন, এখন তোমরা শয়ন করিয়া বিশ্রামে থাক; সাঙ্গ হইয়াছে;
ক্ষণটা আসিয়াছে; দেখ, মনুষ্য পুত্র পাপিরদের হাতে বিশ্বাসঘাত-
কির দ্বারা ধরা যাইতেছে. উঠ, আমরা চলিয়া যাই; দেখ, যে জন
আমাকে পরহস্তগত করে, সে উপস্থিত হইল আসিয়া. এবং তৎ-
ক্ষণাৎ সেই কথা কহিতে২ য়িহোদা দ্বাদশটার মধ্যে এক জনের সঙ্গে
প্রধান যাজক ও অধ্যাপক ও প্রাচীন লোকের নিকটহইতে তলও-
য়ার ও লাঠি লইয়া মহা লোকারাণ্য আসিয়া পৌঁছিল. এবং
তাঁহার বিশ্বাসঘাতকী তাহারদিগকে এক চিহ্ন দিয়া কহিয়াছিল,
যে যাহাকে আমি চুম্বন করিব, সেই সে ব্যক্তি, তাহাকে ধরিয়া
সুরক্ষিত করিয়া লইয়া যাও. অতএব সে আসিবা মাত্র তাঁহার
নিকটে এক কালীন যাইয়া, গুরো২, বলিয়া তাঁহাকে চুম্বন করিল.

এবং সে সকল তাহার উপর হাত দিয়া তাঁহাকে ধরিয়া লইল পরে তাঁহার আশপাশ লোকের মধ্যে এক জন তলওয়ার ধারণ করিয়া মহা যাজকের চাকরের উপর ক্ষেপণ করিয়া তাহার কর্ণচ্ছেদন করিয়া ফেলিল. তখন য়িশু তাহারদিগকে উত্তর করিয়া কহিলেন, তোমরা তলওয়ার ও লাঠি লইয়া চোরকে যাদৃশ তাদৃশ না কি আমাকে ধরিতে আসিয়াছ? আমি পুত্যহ মন্দিরেয় মধ্যে শিক্ষাইতে২ তোমারদের সঙ্গে ছিলাম; তথাচ তোমরা আমাকে ধরিয়া লইলা না. কিন্তু গুন্থের পূর্ণ হওয়া আবশ্যক. তখন তাঁহার সম্ভ্যারি সকল তাঁহাকে ছাড়িয়া পলায়ন করিল. কিন্তু এক যুবক আপন উলঙ্গ শরীরে একখান কাপড় ফেলিয়া দিয়া তাঁহার পাছে২ চলিতে লাগিল; তাহাতে যুবকেরা তাহাকে ধরিল. সে কাপড় খান পরিত্যাগ করিয়া সেই উলঙ্গ হইয়া তাহারদের নিকটহইতে পলাইয়া গেল. পরে তাহারা য়িশুকে মহা যাজকের স্থানে লইয়া গেল; এবং ইহার সঙ্গে পুধান যাজকেরা ও পুাচীন লোকেরা ও অধ্যাপকগণেরা সকলেই সভাস্থ হইল. পরে পিতর অতি দূরে তাঁহার পশ্চাৎ২ চলিয়া মহা যাজকের অট্টালিকায় ও আইল, এবং ভৃত্যলোকের সঙ্গে বসিয়া অগ্নিতাপিতে লাগিল. তখন পুধান যাজকেরা ও মন্ত্রি সভাসমূহ য়িশুকে নষ্ট করিবার কারণ তাঁহার বিপক্ষে সাক্ষির চেষ্টা করিল; কিন্তু পাইলেক না. কেননা অনেকে তাঁহার বিপক্ষে মিথ্যা সাক্ষী দিল, কিন্তু তাহারদের সাক্ষির কথা মিলিল না. পরে কএক জন উঠিয়া তাঁহার বিরুদ্ধে মিথ্যা সাক্ষী দিয়া বলিতে লাগিল, যে আমরা এই কথা তাহার মুখে শুনিলাম, আমি এই হস্তে নির্ম্মিত মন্দির নষ্ট করিয়া তিন দিবসের মধ্যে অহ-

স্তে নির্ম্মিত আর একটা বানাইয়া দিব. কিন্তু ইহায়ও তাহারদের সাক্ষির কথা মিলিল না. পরে মহা যাজক মধ্যখানে উঠিয়া য়িশুকে প্রশ্ন করিয়া কহিলেন, তুমি নাকি কিছু উত্তর দেও না? তোমার দোষেতে ইহারা কি সাক্ষী দেয়? কিন্তু তিনি চুপ থাকিয়া কিছু উত্তর দিলেন না. পুনশ্চ মহা যাজক তাঁহাকে জিজ্ঞাসা করিয়া কহিলেন, তুমি সদানন্দের পুত্র খ্রীষ্ট কি না? তখন য়িশু কহিলেন, আমি আছি, এবং তোমরা মনুষ্য পুত্রকে মহিমার দক্ষিণ ভাগে বসিয়া থাকিতে ও আকাশের মেঘে আগমন করিতে দেখিবা. তখন মহা যাজক আপন বস্ত্র ফাড়িয়া কহিলেন, আমারদের আর সাক্ষিতে প্রয়োজন কি? তোমরা ঈশ্বরাপমানক কথাটা শুনিয়াছ; তোমরা কি বুঝ? তখন তাহারা সকলেই তাঁহাকে মরণার্থ অপরাধী করিয়া নিশ্চয় করিল. এবং কেহ তাঁহার উপর থুক ফেলিতে ও তাঁহার মুখ আচ্ছাদন করিতে ও তাঁহাকে মুষ্টিকাঘাত করিতে ও, ভবিষ্যৎ কথা কহক, বলিতে প্রবৃত্ত হইল; এবং অনুচরেরা তাঁহাকে চাপড় মারিল. কিন্তু পিতর নীচে দালানের মধ্যে থাকিতেং মহা যাজকের এক দাসী সেখানে আইল; এবং পিতরকে অগ্নি তাপিতে দেখিয়া সে তাহার উপর স্থির দৃষ্টি করিয়া কহিল, হাঁ তুমিও য়িশু নাজরেতের সঙ্গে ছিলা. কিন্তু সে অস্বীকার করিয়া কহিতে লাগিল, আমি জানি না, আর তুমি কি কহিতেছ, তাহাও আমি বুঝিতে পারিনা. পরে সে দরদালানে গেল; এবং কুকুড়া ডাকিল. পুনশ্চ এক দাসী তাঁহাকে দেখিয়া নিকটস্থ লোকেরদিগকে বলিতে লাগিল, এই তাহারদের মধ্যে এক জন. এবং সে পুনর্ব্বার অস্বীকার করিল. কিঞ্চিৎকাল পরে নিকটস্থ লোকেরা পুনরায় পিতরকে

বলিল, যে অবশ্য তুমি তাহারদের মধ্যে, কেননা তুমি গালিলীয় লোক ও তোমার ভাষা তাহাতে মিলিতেছে. তখন তিনি শাপ ও দিব্যাদি করিয়া বলিতে লাগিলেন, যে আমি সে মনুষ্যকে জানি না যাহার কথা তোমরা বলিতেছ. এবং দ্বিতীয় বার কুকুড়া ডাকিল. তখন যে কথা য়িশু তাহাকে কহিয়াছিলেন, যে কুকুড়া দুই বার ডাকিবার পূর্ব্বে তুমি তিন বার আমাকে অস্বীকার করিবা, তাহা পিতরের মনে পড়িল; এবং তাহার ভাবনা করিয়া সে ক্রন্দন করিতে লাগিল.

পেসাখ্ পর্ব্বের পূর্ব্ব মঙ্গলবার.

পত্রের বদলে. য়িশাইয়া. পর্ব্ব ৫, পদ ৫.

প্রভু য়িহূহা আমার কর্ণ খুলিতেছেন, এবং আমিও অতিক্রম করি না, আমি পরাঙ্মুখও হই না. যাহারা আমাকে মারিল, এবং আমার দাড়ি উৎপাটন করিল, তাহারদিগকে আমি আপন পৃষ্ঠ ও আপন মুখমণ্ডল দিলাম; লজ্জা ও থুক ফেলা হইতেও আমি আপন মুখ লুকাইলাম না. কেননা প্রভু য়িহূহা আমার উপকার করিলেন; এই নিমিত্তে আমি লজ্জিত হইলাম না, এই নিমিত্তে আমি চকমকি পাথরের মত আপন মুখ দৃঢ় স্থির করিলাম; এবং আমি জানি যে আমি বিবর্ণ হইব না. যিনি আমাকে নির্দ্দোষী করেন, তিনি নিকটে আছেন; আমার সহিত বিরোধ কে করিবে? আইস, আমরা একত্র উঠি; আমার অপবাদক কে? সে আমার নিকটে আইসুক. দেখ, প্রভু য়িহূহা আমার উপকার করিবেন; কে আমাতে দোষ লাগাইবে? দেখ, বস্ত্রের মত তাহারা সকলে জীর্ণ হইয়া যাইবে, কীট তাহার-

দিগকে খাইয়া ফেলিবে. তোমারদের মধ্যে যে জন য়িহুহাকে ভয় করিয়া ও তাঁহার দাসের কথায় অবধান করিয়া অন্ধকারে গমন করে, এবং দীপ্তি রহিত হয়, সেই য়িহুহার নামে ভরসা করুক, এবং আপন ঈশ্বরের উপর ভর দিউক. হে তোমরা সকল যে অগ্নি জ্বালাও, ও শিখাতে আপনারদিগকে বেষ্টন কর, আপনারদের অগ্নির দীপ্তিতে এবং তোমরা যে শিখা প্রজ্বলিত করিয়াছ, তাহাতে ভ্রমণ কর; তাহা আমার হাতহইতে তোমারদিগকে ঘটিয়াছে; তোমরা শোকে শয়ন করিবা.

মঙ্গলসমাচার. মার্ক. পর্ব্ব ১৫, পদ ১.

প্রভাত হইবা মাত্র প্রধান যাজকেরা প্রাচীন লোক ও অধ্যাপকগণ ও মন্ত্রি সভা সকলের সঙ্গে মন্ত্রণা করিয়া য়িশুকে বান্ধিয়া লইয়া গিয়া পীলাতের স্থানে সমর্পণ করিলেন. এবং পীলাত তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, যে তুমি নাকি য়িহুদীয়েরদের রাজা? তিনি উত্তর করিয়া তাঁহাকে কহিলেন, তুমিতো কহিয়াছ. পরে প্রধান যাজকেরা তাঁহার অনেক বিষয়ের অপবাদ করিতে লাগিল; কিন্তু তিনি কিছু উত্তর দিলেন না. তখন পীলাত তাঁহাকে পুনর্ব্বার জিজ্ঞাসা করিয়া কহিলেন, তুমি কি কিছু উত্তর দেওনা? দেখ, ইহারা কত বিষয়ের প্রমাণ তোমার দোষ দেয়. কিন্তু য়িশু তখন কিছু উত্তর দিলেন না; অতএব পীলাতের আশ্চর্য্যজ্ঞান হইল. সেই পর্ব্বসময়ে, যাহাকে তাহারা চাহিত, এমত এক জন বন্ধিকে তিনি তাহারদের স্থানে মুক্ত করিয়া ছাড়িয়া দিতেন. ইহাতে যে লোকেরা গণ্ডগোল করিয়া তাহার মধ্যে বধ ও করিয়াছিল, তাহারদের সহিত এক জন বারাব্বা নামে বন্ধী ছিল.

অতএব তিনি যেমত তাহারদের প্রতি সতত করিয়াছিলেন, সেই মত করিতে তাহাকে লোক সকল উচ্চৈঃশব্দে চেঁচাইয়া যাচ্ঞা করিতে লাগিল. তখন পীলাত তাহারদিগকে উত্তর করিয়া কহিলেন, আমি তোমারদের নিকট য়িহুদীয়েরদের রাজাকে মুক্ত করিয়া ছাড়িয়া দি, এই তোমারদের ইচ্ছা কি না? কেননা তিনি জানিলেন, যে প্রধান যাজকেরা তাঁহাকে ঈর্ষা ভাবেতে সমর্পণ করিয়াছিল. কিন্তু তাঁহার অপেক্ষা বরং বারাব্বাকে তিনি তাহারদের নিকটে মুক্ত করিয়া ছাড়িয়া দেন, এই মত যেন করেন, সে প্রধান যাজকগণ লোকেরদিগকে উস্কাইতে লাগিল. তখন পীলাত তাহারদিগকে পুনর্ব্বার উত্তর করিয়া কহিলেন, তবে য়িহুদীয়েরদের রাজা করিয়া যাহাকে তোমরা বল, তাহাকে তোমরা কি চাহ, যে আমি করি? তাহারা পুনরায় চেঁচাইতে লাগিল, যে তাহাকে ক্রুশ দেন. তখন পীলাত তাহারদিগকে কহিলেন, কেন সে কি মন্দ করিয়াছে? কিন্তু তাহারা ততোধিকে বড়ই চীৎকার করিতে লাগিল, যে তাহাকে ক্রুশ দেন. অতএব পীলাত লোকেরদের তুষ্টি জন্মাইতে ইচ্ছুক হইয়া তাহারদের নিকট বারাব্বাকে মুক্ত করিয়া ছাড়িয়া দিয়া য়িশুকে কোড়া মারিলে পরে ক্রুশেতে টাঙ্গা যাইতে সমর্পণ করিলেন. তখন সেনাগণ তাঁহাকে প্রেতোরিয়ম নামে দালানে লইয়া গিয়া সৈন্য সমূহ একত্র ডাকিয়া আনিল. পরে তাহারা তাঁহাকে বাগুনি বর্ণের বস্ত্র পরাইল ও কাঁটার মুকুট বিনাইয়া তাঁহার মস্তকে দিল, এবং হে য়িহুদীয়েরদের রাজন্ নমঃ২, বলিয়া তাঁহাকে নমস্কার করিতে লাগিল. পরে তাহারা তাঁহার মস্তকে বেত মারিল ও তাঁহার উপর থুক ফেলিল ও হাঁটু পাড়িয়া তাঁহাকে ভজনা করিতে লাগিল.

এবং তাহাকে পরিহাস করিলে পরে তাহারা সেই বাগুনি বর্ণের বস্ত্র তাঁহাহইতে উতাইয়া লইয়া আপন নিজ বস্ত্র পরিধান করাইয়া তাঁহাকে ক্রুশ দিতে লইয়া গেল. তাহাতে শীমোন নামে এক জন কিরেনী আলেক্সান্দ্রু ও রূফসের পিতা যে গৈগাঁহইতে আসিয়া চলিয়া যাইতেছিল, তাহাকে তাঁহার ক্রুশ বহিয়া লইয়া যাইতে তাহারা বেগার ধরিল. এবং তাহারা গল্গতাতে, অর্থাৎ মাথাখুলি স্থানে তাঁহাকে লইয়া আইল. পরে তাঁহার পান করিবার কারণ তাহারা মুরা মিশ্রিত দ্রাক্ষা রস তাঁহাকে দিল; কিন্তু তাহা তিনি গ্রহণ করিলেন না. এবং তাঁহাকে ক্রুশের উপর টাঙ্গাইলে পরে তাঁহার বস্ত্র ভাগ২ করিয়া, প্রতি জন কোন্২ ভাগ পাইবে, তাহা স্থির করিতে তাহারা গুলীবাঁট করিতে লাগিল. এক প্রহর বেলায় তাহারা তাঁহাকে ক্রুশ দিল. এবং য়িহূদীয়েরদের রাজা ইনি, এই দোষ পত্র তাঁহার উপরে লেখা ছিল. এবং তাহারা তাঁহার দক্ষিণ দিগে এক জনকে ও অন্য জনকে তাঁহার বাম দিগে এই রূপে দুই চোরকে তাঁহার সঙ্গে ক্রুশ দিল. তখন সেই গ্রন্থ পূর্ণ হইল যাহাতে উক্ত আছে, যে তিনি অপরাধিরদের সঙ্গে গণিত ছিলেন. এবং সেই স্থান হইয়া যাওনের পথিকেরা আপনারদের মাথা নাড়িয়া তাঁহার অপনিন্দা করিয়া বলিতে লাগিল, যে ওরে মন্দিরের নাশক ও তাহার তিন দিবসান্তর নির্ম্মাণ কারক, তুই আপনার রক্ষা করিয়া ক্রুশহইতে নামিস. সেই মত প্রধান যাজকেরাও পরিহাস করিয়া অধ্যাপকগণের সঙ্গে পরস্পর বলিতে লাগিল, যে সে অন্যেরদের রক্ষা করিল, আপনার রক্ষা তো করিতে পারে না. এখন তো খ্রীষ্ট য়িশ্রাএলের রাজা ক্রুশহইতে নামুন, তাহাতে আমরা দেখিয়া যেন বিশ্বাস করি; এবং তাঁহার

সঙ্গে যাহারা ক্রুশে টাঙ্গা গিয়াছিল, তাহারাও তাঁহাকে তিরস্কার করিতে লাগিল. পরে দুই প্রহর বেলা হইলে দেশ সমুদায় তিন প্রহর পর্য্যন্ত অন্ধকারাবৃত হইয়া থাকিল. এবং তিন প্রহর বেলায় য়িশু উচ্চৈঃস্বরে চেঁচাইয়া কহিতে লাগিলেন, এলোই, এলোই, লামা শবগ্থানী, অর্থাৎ হে আমার ঈশ্বর২, তুমি কেন আমাকে ছাড়িয়া গিয়াছ? তখন তাঁহার নিকটাবর্ত্তি উপস্থিত লোকেরদের মধ্যে কেহ২ তাহা শুনিয়া বলিতে লাগিল, যে দেখ, সে এলিয়াকে ডাকিতেছে. পরে এক জন দৌড়িয়া আসিয়া এক টুকী স্পঞ্জ সির্কাতে ভরিয়া দিয়া তাহা বেতে লাগাইয়া তাঁহাকে পান করিতে দিয়া বলিল, থাক, এলিয়া তাহাকে নামাইয়া লইতে আসিবেন কি না, তাহা আমরা দেখি. পরে য়িশু উচ্চৈঃশব্দে চীৎকার করিয়া প্রাণত্যাগ করিলেন. তখন মন্দিরের পরদা উপরহইতে নামো পর্য্যন্ত ফাটিয়া গিয়া দুই খান হইল. এবং সে শতসেনারপতি যে তাঁহার সম্মুখে দাঁড়াইয়া থাকিল, তাঁহার এমন চীৎকার করিয়া প্রাণত্যাগ করা দেখিয়া সে কহিতে লাগিল, যে সত্যই বটে, এই মনুষ্য ঈশ্বরের পুত্র ছিলেন.

পেসাখ্ পর্ব্বের পূর্ব্ব বুধবার.

পত্র. এব্রী. পর্ব্ব ৯, পদ. ১৬.

যেখানে নিয়মপত্র স্থির হয়, সেখানে নিয়মকর্ত্তার মরণাপেক্ষা অবশ্য হয়. কেননা মৃত্যু হইলেই নিয়মপত্রের সাধ্য হয়; নতুবা নিয়মকর্ত্তা জীয়ন্ত থাকিতে তাহার কিছুই সাধ্য নাই. ইহার কারণ রক্ত ব্যতিরেক প্রথম নিয়মও স্থির করা গেল না. কেননা যখন

মোশে ব্যবস্থানুক্রমে প্রতি আজ্ঞা লোকেরদিগকে কহিয়া শুনাইলেন, তখন তিনি জল ও সিন্দূরবর্ণের লোম ও এসোব্ গাছের সঙ্গে বাছুরের ও ছাগের রক্ত লইয়া পুস্তকের উপর ও লোক সকলের উপর ছিটাইয়া কহিলেন, এই সে নিয়মের রক্ত যে ঈশ্বর তোমারদের কারণ নিরূপণ করিয়াছেন; এবং তাম্বুর উপর ও সেবার যাবতীয় পত্রের উপরও তিনি রক্ত ছিটাইয়া দিলেন. এবং ব্যবস্থানুক্রমে প্রায় সকল বস্তু রক্তেতে পরিষ্কৃত হয়, আর রক্ত পাত ব্যতিরেক পাপ ক্ষমা হয় না. অতএব স্বর্গস্থ বস্তুর নিদর্শন সকল এই২ দুব্যেতে পরিষ্কৃত হওনের আবশ্যক ছিল, কিন্তু স্বয়ং স্বর্গীয় বস্তু তাহাহইতে উত্তম বলির দ্বারা. কেননা হস্তে নির্ম্মিত পুণ্য স্থানে, যে প্রকৃত পুণ্য স্থানের উপমা, তাহার মধ্যে খ্রীষ্ট প্রবেশ করেন না, কিন্তু স্বয়ং স্বর্গেতেই প্রবিষ্ট হইলেন, যেন সম্প্রতি তিনি আমারদের কারণ ঈশ্বরের সাক্ষাতে দর্শন দিয়া থাকেন. কিন্তু যে তিনি আপনাকে বার২ উৎসর্গ করেন, যেমত মহা যাজক অন্যের রক্ত লইয়া পুণ্য স্থানের মধ্যে বৎসরে২ প্রবেশ করে, তাহা নয়; (কেননা যদি এমত হয়, তবে জগতের আরম্ভাবধি তাহার অনেক বার বধ হওনের আবশ্যক হইত;) কিন্তু সম্প্রতি জগতের শেষাবস্থায় তিনি আপনাকে বলি দিলে পাপ নাশ করিতে একীবারে প্রকাশিত হইয়াছেন. আর যেমত মনুষ্যেরদের একবার মরণ ও তদনন্তরে বিচার হওন নিরূপিত হইয়াছে, সেই মত খ্রীষ্ট অনেকের পাপ বহনার্থে একীবারে উৎসর্গিত হইয়া আপন আগমনাপেক্ষি লোকের নিকট পাপ রহিত পরিত্রাণার্থে দর্শন দিবেন.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ২২, পদ ১.

তখন অখমীরি রুটীর পর্ব্ব যাহা পেসাখ্ করিয়া বলে, তাহা সন্নিকট হইতে লাগিল. এবং প্রধান যাজক ও অধ্যাপকেরা তাঁহাকে কি রূপে বধ করিতে পারে, ইহা তাহারা অনুসন্ধান করিতে লাগিল. কেননা তাহারা লোকেরদের ভয় করিল. তখন স্কারিওটা উপনামেতে খ্যাত য়িহুদা, যে দ্বাদশের মধ্যে গণিত ছিল, তাহার অন্তরে শয়তান প্রবেশ করিল. পরে সে চলিয়া গিয়া প্রধান যাজক ও সেনাপতিরদের সহিত কথাবার্ত্তা করিয়া বিবেচনা করিল, যে সে আপনি তাঁহাকে তাহারদের বশে কি রূপে সমর্পণ করিতে পারে. ইহাতে তাহারা আনন্দিত হইয়া তাহাকে টাকা দিতে পণ করিল. এবং সে অঙ্গীকার করিয়া তাঁহাকে লোকারণ্যের অগোচরে তাহারদের হাতে সমর্পণ করিতে সংযোগের চেষ্টা করিল. তখন অখমীরি রুটীর দিবস আইল যখন পেসাখ্কে মারিতে হয়. এবং তিনি পিতর ও য়োহনকে ইহা কহিয়া পাঠাইলেন, যে যাও, আমারদের খাওনের জন্য পেসাখের আয়োজন কর গিয়া. এবং তাহারা বলিল, যে আমরা কোথায় আয়োজন করিব, তোমার কি ইচ্ছা? তখন তিনি তাহারদিগকে কহিলেন, দেখ, নগরে পৌঁছিবা মাত্র তোমরা কলসে জলবহা এক মনুষ্যের সহিত সাক্ষাৎ পাইবা; যে ঘরেতে সেই জন প্রবেশ করিবে, সেখানে তোমরা তাহার পশ্চাৎ যাও. পরে সে ঘরের কর্ত্তাকে বলিবা, যে গুরু তোমাকে কহিতেছেন, আমি যেখানে আপন শিষ্যগণের সহিত পেসাখ্ খাইব, সেই ভোজনশালা কোথায়? তখন সে তোমারদিগকে সসাজে উপরিস্থ একটা বড় দালান দেখাইয়া দিবে; সেখানে প্রস্তুত করিবা. এবং তিনি যেমত তাহার-

দিগকে কহিয়াছিলেন, তাহারা যাইয়া সেই মতই পাইল, এবং তাহারা পেসাখ্ প্রস্তুত করিল. পরে সময় উপস্থিত হইলে তিনি দ্বাদশ প্রেরিতেরদের সহিত বসিলেন, এবং তাহারদিগকে কহিলেন, আমার দুঃখ ভুঞ্জনের পূর্ব্বে তোমারদের সঙ্গে এ পেসাখ্ খাইতে আমার অত্যন্ত আকাঙ্খা হইয়াছিল. কেননা আমি তোমারদিগকে কহি, যদবধি তাহা ঈশ্বরের রাজ্যেতে পূর্ণ না হয়, তদবধি আমি আর খাইব না. পরে তিনি বাটীটা লইয়া স্তব করিয়া কহিলেন, এই লও এবং আপনারদের মধ্যে বণ্টন কর. কেননা আমি তোমারদিগকে কহি, যে ঈশ্বরের রাজ্য যাবৎ না আইসে, তাবৎ আমি দ্রাক্ষার ফলোদ্ভব রস আর পান করিব না. পরে তিনি রুটী লইলেন, এবং স্তব করিয়া ভাঙ্গিলেন, এবং তাহারদিগকে দিয়া কহিলেন, এই আমার শরীর যে তোমারদের কারণ সমর্পিত হইয়াছে; ইহা আমার স্মরণার্থে করিও. তদ্রূপ ভোজনের পরে বাটীও লইয়া তিনি কহিলেন, আমার রক্ত যে তোমারদের কারণ পাত হইয়াছে, তাহাতে এই বাটী নূতন নিয়ম আছে. কিন্তু, দেখ, যে আমাকে পরের বশে সমর্পণ করিবে, তাহার হাত আমার সঙ্গে মেজের উপর আছে. এবং যেমত নিরূপিত হইয়াছিল, সেই মত মনুষ্য পুত্র যাইতেছে সত্যই; কিন্তু সেই মনুষ্যের সন্তাপ হইবে যাহার দ্বারা তিনি পরের বশে সমর্পিত হন. তখন তাহারা পরস্পর তত্ত্ব করিতে লাগিল, যে তাহারদের মধ্যে কেটা এমন কর্ম্ম করিবে. এবং তাহারদের মধ্যে বাদানুবাদও হইল, যে তাহারদের কোন্ জন বড়তর গণ্য যাইবে. ইহাতে তিনি তাহারদিগকে কহিলেন, ভিন্নদেশিরদের রাজগণ তাহারদের উপর কর্ত্তৃত্ব

করে, এবং যে সকল তাহারদের উপর শাসন করে, তাহারদিগকে উপকারী করিয়া বলে. কিন্তু তোমরা এমত না হইবা; কিন্তু তোমারদের মধ্যে যে গুরুতর হয়, সে যেমত কনিষ্ঠের সদৃশ হউক, এবং প্রধান যে, সে যেন সেবাতির তুল্য থাকুক. কেননা যে জন ভোজনে বসে, কিম্বা যেটা সেবা করে, ইহার কোন্‌টা বড়তর হয়? সেইতো না কি যে ভোজনে বসিতেছে? কিন্তু আমি তোমারদের মধ্যে সেবাতির মত আছি. তোমরা সেই লোক যে আমার পরীক্ষার মধ্যে আমার সঙ্গে থাকিয়াছ. এবং যেমত আমার পিতা আমার কারণ এক রাজ্য নিরূপণ করিয়া স্থির করিয়াছেন, সেইমত আমি তোমারদের জন্যও স্থির করি; তাহাতে তোমরা আমার মেজে আমার রাজ্যে যেন ভোজন পান কর, এবং সিংহাসনে বসিয়া য়িশ্রাএলের দ্বাদশ গোষ্ঠিরদিগকে বিচার কর. পরে প্রভু কহিলেন, হে শীমোন২, দেখ, শয়তান তোমারদিগকে গোমের মত চালিতে চাহিয়াছে; কিন্তু আমি তোমার কারণ প্রার্থনা করিয়াছি যেন তোমার বিশ্বাসের হানি না হয়; এবং তুমি আপনি ফিরিলে পরে তোমার ভ্রাতারদিগকে দৃঢ় করিও. তখন সে কহিল, হে প্রভো, আমি তোমার সহিত কারাগারেতে এবং মরণেতে উভয়ে যাইতে প্রস্তুত আছি. তিনি কহিলেন, হে পিতর, আমি তোমাকে কহি, যে আজি তুমি তিনবার আমাকে আপনার জ্ঞাত হওয়া অস্বীকার না করিলে কুক্কুট ডাকিবে না. পরে তিনি তাহারদিগকে কহিলেন, আমি যখন তোমারদিগকে তোড়া ও মোট ও জুতা বর্জ্জিত পাঠাইলাম, তখন কি তোমারদের কিছু অভাব ছিল? তাহারা কহিল, কিছু না. তখন তিনি তাহারদিগকে কহিলেন, কিন্তু সম্প্রতি যাহার স্থানে তোড়া

আছে, সে তাহা লউক, এবং মোটও লউক; আর যাহার ঠাঁই তলওয়ার নাই, সে আপন বস্ত্র বেচিয়া একটা কিনিয়া লউক. কেন-না আমি তোমারদিগকে কহি, এই যে লিপি আছে, তিনি অপরাধিরদের মধ্যে গণ্য গিয়াছেন, তাহাও আমাতে পূর্ণ হইতে হইল; কেননা আমার বিষয়ক কর্ম্মের শেষ হইতেছে. তখন তাহারা কহিল, হে প্রভু, এই দেখ দুই তলওয়ার আছে; এবং তিনি তাহারদিগকে কহিলেন, এই প্রচুর. পরে তিনি বাহির হইলেন, ও আপন পূর্ব্ব ধারাক্রমে জৈতুন পর্ব্বতে গেলেন, ও তাঁহার শিষ্যগণ তাঁহার পাছে ২ চলিল. এবং সে স্থানে উপস্থিত হইলে পর তিনি তাহারদিগকে কহিলেন, প্রার্থনা কর, যেন পরীক্ষার মধ্যে তোমরা প্রবিষ্ট না হও. পরে তাহারদিগহইতে ডেলা ফেলার পরিমাণে স্থানান্তর হইয়া তিনি হাঁটু পাড়িয়া প্রার্থনা করিয়া কহিলেন, হে পিতঃ, যদি তোমার ইচ্ছা হয়, তবে এই বাটী আমার নিকটহইতে উঠাইয়া লও; তত্রাপি আমার ইচ্ছা নয়, কিন্তু তোমার ইচ্ছা পূর্ণ হউক. তখন তাঁহার স্থানে স্বর্গহইতে এক দূত দেখা দিয়া তাঁহাকে দৃঢ় করিতে লাগিলেন. এবং বড় মনস্তাপিত হইয়া তিনি আর একান্ত প্রার্থনা করিলেন, এবং তাঁহার ঘাম বড় ২ রক্তের ফোটা টপ ২ করিয়া ভূমিতে পড়িলে যাদৃশ হয় তাদৃশ ছিল. পরে তিনি প্রার্থনা-হইতে উঠিয়া আপন শিষ্যেরদের নিকটে আসিয়া তাহারদিগকে শোকেতে নিদ্রিত পাইলেন. তখন তিনি তাহারদিগকে কহিলেন, নিদ্রা কেন করহ? উঠিয়া প্রার্থনা কর, যেন পরীক্ষায় না পড়. পরে ইহা কহিতে২, দেখ, এক লোকারণ্য এবং যিহূদা নামে দ্বাদশের এক জন তাহারদের অগ্রে চলিয়া যিশুকে চুম্বন করিতে তাঁহার

নিকটে আইল. কিন্তু য়িশু তাহাকে কহিলেন, হে য়িহুদা, তুমি নাকি চুম্বন দিয়া মনুষ্যপুত্রকে পরের বশে সমর্পণ করিতেছ? এবং পশ্চাৎ কিং হইবে, তাহা যখন তাহার সমিভ্যারিরা দেখিল, তাহারা কহিল, হে পুভো, আমরা তলওয়ার মারিব? পরে তাহারদের মধ্যে এক জন পুধান যাজকের ভৃত্যকে ঘা মারিয়া তাহার দক্ষিণ কর্ণ কাটিয়া ফেলিল. তখন য়িশু উত্তর করিয়া কহিলেন, এই পর্য্যন্ত তোমরা সহিষ্ণুতা কর; পরে তাহার কর্ণ স্পর্শ করিয়া তাহাকে ভাল করিলেন. তখন যে পুধান যাজক ও মন্দিরের সেনাপতি ও প্রাচীন লোক য়িশুর নিকটে আসিয়াছিল, য়িশু তাহারদিগকে কহিলেন, কি তোমরা তলওয়ার ও লাঠী লইয়া চোরের উদ্দেশে যাদৃশ তাদৃশ হইয়া বাহির আসিয়াছ. যখন আমি পুত্যহ তোমারদের সঙ্গে মন্দিরে ছিলাম, তখন আমার পুতি তোমরা হাত বিস্তার করিলা না, কিন্তু এই তোমারদের ক্ষণ এবং অন্ধকারের পুবলতা. তখন সে তাহাকে ধরিয়া আকর্ষণ করিয়া মহা যাজকের ঘরে আনিল, এবং পিতর দূরে থাকিয়া পাছেং চলিল. পরে তাহারা দালানের মধ্যখানে অগ্নি জ্বালিয়া একত্র বসিলে পরে, পিতর তাহারদের মধ্যে বসিল. কিন্তু সে অগ্নির নিকটে বসিয়া থাকিতেং এক নফরী তাহাকে দেখিয়া তাহার পুতি একান্ত দৃষ্টি করিয়া কহিতে লাগিল, যে এই মনুষ্যও তাহার সঙ্গে ছিল. এবং সে তাঁহাকে অস্বীকার করিয়া কহিল, হে মাইয়ে আমি তাহাকে জানি না. আরবার কিছু ক্ষণ পরে অন্যটা তাহাকে দেখিয়া কহিল, তুমিও তাহারদের মধ্যে আছ; পিতর কহিল, হে মনষ্য, আমি সে নহি. তাহার পরে ঘড়ি এক অন্তরে আর এক জন নিশ্চয় করিয়া বলিল, যে সত্যই এই ও তাহার সঙ্গে ছিল; কেননা

সে গালিলি লোক আছে. তখন পিতর বলিল, হে মনুষ্য, তুমি কি কহিতেছ, তাহা আমি জানি না. তৎক্ষণাৎ তাহার এই মত উক্তি হইতে২ কুকুড়া ডাকিল. তখন প্রভু ফিরিয়া পিতরের প্রতি দৃষ্টি করিলেন, এবং প্রভুর বাণী পিতরের স্মরণে পড়িল, যে তিনি তাঁহাকে কহিয়াছিলেন, কুকুড়ার ডাকনের পূর্ব্বে তুমি তিনবার আমাকে অস্বীকার করিবা. তখন পিতর বাহিরে গিয়া অত্যন্ত ক্রন্দন করিতে লাগিল. পরে যে মনুষ্যেরা যিশুকে ধরিয়া রাখিল, সে তাঁহাকে তিরস্কার করিল ও মারিল. পরে তাঁহার চক্ষু বন্ধ করিয়া তাঁহার গালে চড় মারিল, এবং তাঁহাকে জিজ্ঞাসা করিয়া কহিল, ভবিষ্যদ্বাণী বল যে কে তোমাকে মারিল? এবং তাহারা আর২ অনেক অপনিন্দা কথা তাঁহার প্রতি কহিল. পরে দিন হইবা মাত্র লোকের প্রাচীনেরা ও প্রধান যাজক ও অধ্যাপকগণ একত্র আসিয়া তাঁহাকে তাহারদের সভাতে লইয়া গিয়া কহিল, তুমি নাকি খ্রীষ্ট বট? আমারদিগকে বল. তখন তিনি তাহারদিগকে কহিলেন, যদি আমি তোমারদিগকে বলি, তবু তোমরা বিশ্বাস করিবা না. আর আমিও যদি জিজ্ঞাসা করি, তোমরা আমাকে উত্তর দিবা না, এবং ছাড়িয়াও দিবা না. ইহার পরে মনুষ্য পুত্র ঈশ্বরের মহিমার দক্ষিণে বসিয়া থাকিবে. তখন সে সকলে কহিল, তবে না কি তুমি ঈশ্বরের পুত্র? এবং তিনি তাহারদিগকে কহিলেন, তোমরা কহিলা যে আমি আছি. তখন তাহারা বলিল, আমারদের আর সাক্ষিতে প্রয়োজন কি? আমরা তো তাহার আপন মুখেতে শুনিয়াছি.

পোস্তাখ্ পর্ব্বের পূর্ব্ব বৃহস্পতিবার.

পত্র. ১ করিন্তী. পর্ব্ব ১১, পদ ১৭.

ইহা বলিয়া আমি তোমারদের প্রতিষ্ঠা করি না যে তোমরা ভাল হওনের কারণ একত্র হইতেছ, ইহা নহে, কিন্তু কেবল মন্দ হওনের নিমিত্তে. কেননা প্রথমতঃ তোমরা মণ্ডলীতে একত্র হইলে তোমারদের মধ্যে ভিন্নভেদ হইতেছে, ইহা আমি শুনিয়াছি, এবং আমি তাহা কতেক২ প্রত্যয় করি. কেননা তোমারদের মধ্যে পার্থক্য হওনের প্রয়োজন আছে, তাহাতে যেন সুধারার লোকেরা তোমারদের মধ্যে প্রকাশিত হয়. অতএব তোমরা যখন এক স্থানে আসিয়া একত্র হও, তখন সে প্রভুর রাত্রি ভোজ্য খাওনের জন্যে নয়; কেননা ভক্ষণের সময়ে প্রতিজন আপন নিজ ভক্ষ্য অন্যের পূর্ব্বে লয়, তাহাতে কেহ ক্ষুধিত থাকে, কেহ অতিশয় পরিপূর্ণ হয়. ভোজন পান করিতে কি তোমারদের ঘর নাই? তোমরা নাকি ঈশ্বরের মণ্ডলীকে অবজ্ঞা করিয়া তদ্রহিত লোক সকলকে লজ্জা দেও? আমি তোমারদিগকে কি কহিব? আমি কি ইহাতে তোমারদের প্রতিষ্ঠা করিব? আমি প্রতিষ্ঠা করি না. কেননা যাহা আমি তোমারদের স্থানে সমর্পণ করিয়া কহিলাম, তাহা আমি প্রভুহইতে পাইয়াছিলাম, সে এই প্রভু য়িশু যে রাত্রিতে পরের বশে সমর্পিত হইলেন, সেই সময়ে তিনি রুটী লইলেন, এবং স্তব করিয়া ভাঙ্গিলেন, লও, খাও, এই আমার শরীর যে তোমারদের কারণ ভগ্ন হইয়াছে, ইহা আমার স্মরণার্থে করিও. তদনুক্রমে ভোজন করিলে পরে তিনি বাটী ও লইয়া কহিলেন, এই বাটী আমার রক্তেতে নূতন নিয়ম আছে; যে ইহাতে যতবার তোমরা পান করিবা, ততবার তাহা আমার

স্মরণার্থে করিও. অতএব তোমরা যতবার এই রুটী খাও ও এই বাটীতে পিও, ততবার তোমরা প্রভুর আগমন পর্য্যন্ত তাঁহার মরণ প্রকাশ করিতেছ. এতদর্থে যে কেহ অযোগ্য রূপে প্রভুর এই রুটী খায় কিম্বা এই বাটীতে পিয়ে, সে প্রভুর শরীর ও রক্তের দোষী হইবে. অতএব মনুষ্য আপনার বিচার করুক, তাহার পর সেই রুটীতে ভোজন করুক ও সেই বাটীতে পান করুক. কেননা যে অযোগ্য রূপে ভোজন ও পান করে, সে প্রভুর শরীরকে বিশেষ জ্ঞান না করিয়া আপনার বিচার হওনার্থে ভোজন পান করে. ইহার কারণ তোমারদের মধ্যে অনেক দুর্ব্বল ও ব্যাধিত আছে, এবং অনেকের নিদ্রা হইয়াছে. কেননা যদি আমরা আপনারদিগকে বিচার করিব, তবে আমরা বিচারিত হইব না; কিন্তু যখন আমরা বিচারিত হই, তখন আমরা প্রভুতে শাস্তি পাই যেন জগতের সহিত আমারদের দণ্ডের নিরূপণ না হয়. অতএব, হে আমার ভ্রাতারা, যখন তোমরা ভোজন করিতে একত্র আইস, তখন এক জন অন্যের অপেক্ষাতে থাকহ. আর যদি কেহ ক্ষুধিত হয়, তবে সে আপনার ঘরে ভক্ষণ করুক, যেন তোমরা আপনারদের বিচার হওনার্থে একত্র না আইস; এবং আর২ সকল, যখন আমি আসিব, তখন তাহার শৃঙ্খলা করিয়া দিব.

মঙ্গলসমাচার. লুক. পর্ব্ব ২৩, পদ ১.

পরে সভা সকল শুদ্ধা উঠিয়া তাঁহাকে পীলাতের নিকটে লইয়া গেল. এবং তাঁহার অপবাদ করিয়া বলিতে লাগিল, যে আমরা ইহাকে আপনাকে খ্রীষ্ট এক রাজা বলিয়া লোকেরদের বিপর্য্যয় করিতে এবং কাইসরকে কর দিতে নিষেধ করিতে প্রবৃত্ত পাইলাম. তখন পীলাত তাঁহাকে জিজ্ঞাসা করিয়া কহিলেন, তুমি নাকি

য়িহুদীরদের রাজা ? তিনি তাহাকে উত্তর দিয়া কহিলেন, তুমি কহিতেছ. তখন পীলাত প্রধান যাজক ও লোকপ্রতি কহিলেন, এই মনুষ্যে আমি কিছু দোষ পাই না. ইহাতে তাহারা ততোধিক তেজস্বী হইয়া কহিল, সে গালিলিহইতে এই স্থান পর্য্যন্ত য়িহূদা দেশ-বধি শিক্ষা করাইয়া লোকেরদের গোলমাল লাগাইতেছে. যখন পীলাত গালিলির কথা শুনিলেন, তখন তিনি জিজ্ঞাসা করিলেন, যে এই মনুষ্য নাকি গালিলির লোক আছে ? পরে তাঁহাকে হেরোদের অধিকারাধীন জানিয়া তিনি তাঁহাকে হেরোদের নিকটে পাঠাইলেন যে আপনি সেইক্ষণে য়িরোশলমে ছিলেন. এবং য়িশুকে দেখিয়া হেরোদের অত্যন্ত আহ্লাদ হইল ; কেননা তিনি তাঁহার অনেক বৃত্তান্ত শুনাতে তাঁহাকে দেখিতে চিরকালহইতে ইচ্ছা করিয়াছিলেন, এবং তাঁহার দ্বারা কোন আশ্চর্য্য দেখিতেও আশা করিলেন. তখন তিনি তাঁহাকে অনেক কথা জিজ্ঞাসা করিলেন ; কিন্তু তিনি তাহার কিছু উত্তর দিলেন না. এবং প্রধান যাজক ও অধ্যাপকগণ দাঁড়াইয়া তাঁহার একান্ত রূপে অপবাদ করিতে লাগিল. পরে হেরোদ আপন যোদ্ধারদের সঙ্গে তাঁহাকে তিরস্কার ও পরিহাস করিতে লাগিলেন, এবং একটা রাজবস্ত্র পরিধান করাইয়া পীলাতের স্থানে পুনরায় পাঠাইয়া দিলেন. এবং সেই দিবসে পীলাত ও হেরোদের উভয় প্রণয় হইল ; কেননা পূর্ব্বে তাহারদের মধ্যে বিপক্ষতা ছিল. পরে পীলাত প্রধান যাজকেরদিগকে ও অধ্যক্ষেরদিগকে ও লোকেরদিগকে ডাকিয়া একত্র আনাইয়া তাহারদিগকে কহিলেন, তোমরা এই মনুষ্যকে লোকেরদের বিপর্য্যয়কারী বলিয়া আমার নিকটে আনিয়াছ; কিন্তু দেখ আমি তোমারদের সাক্ষাতে তাহার

পরখ করিয়া, যে সকল কার্য্যের কারণ তোমরা তাহার অপবাদ করি-য়াছিলা, ইহার বিষয়ে এই মনুষ্যে আমি কিছু দোষ পাই না; আমি পাই না, হেরোদ ও পান না; কেননা আমি তোমারদিগকে তাঁহার নিকটে পাঠাইয়াছিলাম; কিন্তু দেখ তাহার মরণোপযুক্ত কোন ক্রিয়া ঠাহরা গেল না. অতএব আমি তাহাকে শাস্তি করিয়া ছাড়িয়া দিব. কেননা সেই পর্ব্ব সময়ে তাহারদের স্থানে ইহার এক জনের মুক্ত করা আবশ্যক ছিল. তখন তাহারা সকলেই এককালীন চেঁচাইয়া বলিল, ইহাকে দূর কর, আমারদের স্থানে বরাব্বাকে মুক্ত করিয়া ছাড়িয়া দেন. সে ব্যক্তি নগরে গোলমাল করার বিষয়ে এবং বধ বিষয়ে কয়েদে ছিল. অতএব পীলাত য়িশুকে মুক্ত করিতে ইচ্ছা করিয়া তাহারদিগকে পুনরায় কথা কহিতে লাগিলেন. কিন্তু তাহারা চীৎ-কার করিয়া কহিল, তাহাকে ক্রূশ দেওয়া যাউক, ক্রূশ দেওয়া যাউক. পরে তিনি তৃতীয়বার তাহারদিগকে কহিলেন, যে কি কারণ? সে কোন্ মন্দ করিয়াছে? আমি তাহাতে কিছু মরিবার হেতু পাই না. অতএব তাঁহাকে শাস্তি করিয়া ছাড়িয়া দিব. কিন্তু তাহারা উচ্চৈঃ-স্বরে তাঁহার ক্রূশ হওনের যাচ্ঞা করিতে একান্ত থাকিল, এবং তাহারদের ও প্রধান যাজকেরদের কলরব জিতিল. তখন পীলাত আদেশ করিলেন, যে তাহারদের যাচ্ঞানুসারে করা যাইবে. পরে সেই ব্যক্তি যে গোলমাল ও বধ নিমিত্তে কয়েদে ছিল, যাহাকে তাহারা চাহিয়াছিল, তাহাকে তিনি তাহারদের স্থানে মুক্ত করিয়া ছাড়িয়া দিলেন; কিন্তু য়িশুকে তাহারদের অভিমতে সমর্পণ করিলেন. পরে তাঁহাকে লইয়া যাইতে ২ শীমোন নামে এক জন কিরেণি গৈগাঁও-হইতে আসিতেছিল, তাহাকে তাহারা বেগার ধরিয়া য়িশুর পশ্চাৎ ব-

হিবার কারণ তাহার উপর ক্রূশ ধরিয়া দিল. এবং মহা লোকারণ্য ও অনেক স্ত্রীগণ তাঁহার পাছে ২ চলিল, এবং সেই স্ত্রীগণ তাঁহার কারণ ক্রন্দন ও বিলাপও করিল. কিন্তু য়িশু তাহারদের প্রতি ফিরিয়া কহিতে লাগিলেন, হে গো য়িরোশলমের কন্যারা, আমার নিমিত্তে তোমরা কান্দিওনা; কিন্তু আপনারদের কারণ ও আপন ২ ছাওয়ালেরদের কারণ রোদন করিও. কেননা দেখ এমন দিবস আসিতেছে যে তাহাতে তাহারা বলিবে, ধন্য বন্ধ্যা সকল, এবং যাহারা গর্ব্ভবতী কখন হয় নাই ও যাহারা স্তন পান কখন করায় নাই. তখন তাহারা পর্ব্বত সকলকে বলিতে লাগিবে, যে আমারদের উপর পড়, এবং গিরিরে, আমারদিগকে ঢাকিয়া লও. কেননা যদি তাজা বৃক্ষেতে এমন কর্ম্ম করে, তবে শুষ্ক বৃক্ষে কি করা যাইবে? এবং আর দুই জন অপরাধিকে হত্যা করিবার কারণ তাঁহার সঙ্গে লইয়া যাইতেছিল. পরে যে স্থান মাথাখুলী বলা যায়, সে স্থানে পৌঁছিয়া তাহারা এক জনকে দক্ষিণ পার্শ্বে, অন্য জনকে বাম পার্শ্বে করিয়া সেই অপরাধিরদের সহিত তাঁহাকে সেখানে ক্রূশ দিল. তখন য়িশু কহিলেন, হে পিতঃ, তাহারদিগকে ক্ষমা কর; কেননা তাহারা কি করিতেছে, তাহা তাহারা জানে না. পরে তাহারা গুলিবাঁট করিয়া তাঁহার বস্ত্র ভাগ ২ করিল. এবং লোক সকল দৃষ্টি করিতে দাঁড়াইয়া থাকিল. এবং তাহারদের সঙ্গে অধ্যক্ষেরা পরিহাস করিয়া কহিতে লাগিল, সে অন্যেরদের রক্ষা করিল; যদি সে খ্রীষ্ট ঈশ্বরের মনোনীত হয়, তবে আপনার রক্ষা করুক. এবং সেনাগণও তাঁহার নিকটে আসিয়া তাঁহার সম্মুখে সির্কা রাখিয়া তাঁহাকে ঠাট্টা করিতে লাগিল, যে তুই যদি য়িহুদীরদের রাজা হইস, তবে আপনার রক্ষা করিস. এবং

তাঁহার উপরে য়ুনানী ও রূমী ও এব্রী অক্ষরে এক পদবী পাতী লেখা গেল, যে এই য়িহূদীরদের রাজা. পরে ঐ অপরাধিরা যে টাঙ্গা গিয়াছে তাহারদের এক জন তাঁহাকে তিরস্কার করিয়া কহিল, যদি খ্রীষ্ট হইস, তবে আপনার সহিত আমারদের রক্ষা করিস. কিন্তু অন্যটা উত্তর দিয়া তাহাকে ধম্‌কাইয়া কহিল, ঈশ্বরের প্রতি কি তোর ভয় নাই? তুই তো একি দণ্ডেতে আছিস. এবং আমরা তাহার উপযুক্ত পাত্র বটি; কেননা আমরা আপনারদের ক্রিয়ার সমোচিত ফল পাইতেছি, কিন্তু এই মনুষ্য কিছু অপরাধ করে নাই. পরে সে য়িশুকে কহিল, হে প্রভো, তুমি আপন রাজ্যেতে আইলে পরে আমাকে মনে করিও. তখন য়িশু তাহাকে কহিলেন, সত্যই আমি তোমাকে কহি, আজি তুমি আমার সঙ্গে ফারদীশে হইবা. পরে দুই প্রহর বেলা হইলে দেশ সমুদায় অন্ধকারাবৃত হইল তিন প্রহর পর্য্যন্তই. এবং সূর্য্য অন্ধকৃত হইল, ও মন্দিরের পরদা মধ্যখানে ফাটিয়া গেল. পরে য়িশু উচ্চৈঃশব্দে চীৎকার করিয়া কহিলেন, হে পিতঃ, আমি আপন জীবাত্মা তোমার হস্তে সমর্পণ করি; ইহা কহিয়া তিনি প্রাণ ত্যাগ করিলেন. এবং শতসেনার পতি যখন দেখিল, কিং হইয়াছে, তখন সে ঈশ্বরের প্রশংসা করিয়া কহিল, এই প্রাকৃতার্থিক মনুষ্য ছিল নিতান্তই. এবং যে সকল লোক সেই দর্শনে আসিয়াছিল, সে কর্ম্ম সকল দেখিয়া তাহারা আপন বুকে ঘা দিয়া ফিরিয়া গেল. এবং তাঁহার জ্ঞাতিরা ও যে স্ত্রীলোক গালিলিহইতে তাহার পশ্চাতে আসিয়াছিল, সে সকল দূরে দাঁড়াইয়া এ সকল কর্ম্ম দেখিতে থাকিল.

## খ্রীষ্টের মরণের স্মরণার্থ দিবস.

### প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, আমরা তোমাকে কাকুতি বিনতি করিতেছি, যে আমারদের প্রভু য়িশু খ্রীষ্ট যাহারদের হিতার্থে বিশ্বাসঘাতকের মন্দ-ফন্দীতে দুষ্ট লোকেরদের হস্তে সমর্পিত হইয়া ক্রুশের উপর প্রাণত্যাগ করিতে হেলা না করিলেন, এবম্ভূত তোমার পরিজন স্বরূপ আমার-দিগের উপর দয়াপূর্ব্বক দৃষ্টি করহ. এখনো তিনি তোমার আর ধর্ম্মাত্মার সঙ্গে এক ঈশ্বর হইয়া সদাসর্ব্বক্ষণ জীবন্ত থাকিয়া রাজত্ব করিতেছেন. আমেন.

হে সর্ব্বশক্তিমান্ ও আদ্যন্তরহিত ঈশ্বর, তোমার আত্মার দ্বারা মণ্ডলী সমূহ শাসিত হইয়া পবিত্রীকৃত হয়; এতদর্থে আমরা তোমার পুণ্য মণ্ডলীর সর্ব্বপ্রকার গতিস্থিত লোকেরদের কারণ তোমার কাছে যে২ প্রার্থনা ও কাকুতি বিনতি করি, তাহা গ্রহণ করহ, যেন সকল খ্রীষ্টি-য়ান লোকেরা আপন ২ গতিতে ও ব্যবসায়েতে আমারদের প্রভু ও ত্রাণকর্ত্তা য়িশু খ্রীষ্টের দ্বারা সত্য ও ধার্ম্মিক রূপে তোমার সেবা করে. আমেন.

হে দয়ালু পরমেশ্বর, তুমি যাবতীয় মনুষ্যেরদিগকে সৃষ্টি করিয়াছ, এবং যে ২ সৃষ্টি করিয়াছ, সে২ বস্তুকে ঘৃণা না করিয়া পাপি লোকের-দের মরণ না চাহিয়া, বরং তাহারা মন ফিরাইয়া বাঁচে, ইহা চাহ; যাবতীয় য়িহূদী ও মুছলমান্ ও অপ্রত্যয়ী ও বিধর্ম্মাচারী লোকের-দের উপর দয়া করিয়া তাহারদিগের সকল অজ্ঞানতা ও মনের কাঠিন্য ও তোমার বাক্যের অবহেলা দূর করহ; এবং হে ধন্য প্রভো, তাহারদিগকে অন্বেষণ করিয়া আপন মেষেরদের নিকট আন, তাহা-

তে যেন তাহারা সত্য ঈশ্রাএলীরদের অবশেষ লোকের সহিত পরিত্রাণ পাইয়া একত্র হইলে একাকী পালক আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের এক পাল হয়; তিনিই তোমার আর ধর্ম্মাত্মার সহিত এক ঈশ্বর হইয়া সদাসর্ব্বক্ষণ জীবন্ত থাকিয়া রাজত্ব করেন. আমেন.

পত্র. এব্রী. পর্ব্ব ১০, পদ ১.

ভবিষ্যদ্ভাল বিষয়ের প্রকৃত স্বরূপ ব্যবস্থা না রাখিয়া তাহার প্রতিচ্ছায়া মাত্র ধরিয়া, যে সকল বলিদানাদি তাহারা বৎসরে২ নিত্য উৎসর্গ করে, সে সকল দিয়া তদাশ্রিতেরদিগকে কখন সিদ্ধ করিতে পারিবে না; অথবা তাহার উৎসর্গ করণের নিবৃত্তি হইত; (কেননা সেই উপাসকেরা একবার পরিষ্কৃত হইলে পরে পাপের জ্ঞান আর থাকিত না;) কিন্তু তাহাতে বৎসরে২ পাপের স্মৃতি করা যায়; কেননা পাপ দূর করিতে বৃষ ও ছাগের রক্তেতে অসাধ্য. অতএব তিনি জগতের মধ্যে প্রবেশ করিয়া কহিতেছেন, বলিদান ও নৈবেদ্যাদি তুমি চাহিলা না, কিন্তু আমার কারণ তুমি এক শরীর প্রস্তুত করিয়াছ. হোমাদিতে ও পাপার্থ বলিদানেতে তোমার সন্তোষ হয় নাই. তখন আমি কহিলাম, যে হে ঈশ্বর, দেখ, তোমার ইচ্ছা পালন করিতে আমি আসিতেছি, পুস্তকের কাণ্ডেতে আমার কথার উল্লেখ আছে. উপরে যখন কহিলেন, যে বলি ও নৈবেদ্যাদি কিম্বা হোম কিবা পাপার্থ বলিদানাদি যাহা ব্যবস্থানুক্রমে ঈশ্বরের প্রতি উৎসর্গ করা গেল, সে সকলকে তুমি চাহিলা না, এবং সন্তুষ্টও হইলা না, তখন তিনি বলিলেন, হে ঈশ্বর, দেখ, তোমার ইচ্ছা পালন করিতে আমি আসিতেছি. তিনি দ্বিতীয়কে স্থাপন করিতে প্রথমকে উঠাইয়া দেন. এবং সেই ইচ্ছাতে য়িশু খ্রীষ্টের দেহের একবার উৎসর্গ